

খড়গহস্ত ট্রাম্প: সিআইএ কর্মকর্তাদের নিরাপত্তা ছাড়পত্র বাতিল

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে গোয়েন্দা সংস্থার ওপর নতুন করে কঠোর পদক্ষেপ নিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড *৯-এর পৃষ্ঠায় দেখুন*

বাংলাদেশি ওয়েবসাইটে হামলার দাবি ভারতীয় হ্যাকার গ্রুপের

বাংলা পত্রিকা ডেস্ক: ভারতীয় একাধিক হ্যাকার গ্রুপ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), ঢাকা ওয়াসাসহ শতাধিক বাংলাদেশি ওয়েবসাইটে সাইবার হামলা চালিয়েছে বলে দাবি করেছে। শুক্রবার দেশটির স্বাধীনতা দিবস উপলক্ষে এই আক্রমণ চালানো হয় বলে হ্যাকার গ্রুপগুলোর টেলিগ্রাম চ্যানেলে দাবি করা হয়েছে। নমুনা হিসেবে বিভিন্ন কোম্পানি ও শিক্ষা প্রতিষ্ঠানের আংশিক ডাটাও উন্মুক্ত করেছে হ্যাকার গ্রুপগুলো।বাংলাদেশের পাশাপাশি পাকিস্তান *৯-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly **বাংলা পত্রিকা** Bangla Patrika

■ Vol. 29 ॥ Issue 47 / August 25, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৪৭ ॥ সোমবার, আগস্ট ২৫, ২০২৫, ভাদ্র ১০, ১৪৩২ ॥ রবিউল আউয়াল ০১, ১৪৪৭

আইসকে সহযোগিতায় ১৯ স্টেটে সেনা মোতায়েন হচ্ছে!



বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের 'অভিবাসন বিরোধী' অভিযানে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্টকে সহযোগিতায় যুক্তরাষ্ট্রের ১৯টি স্টেটে ধাপে ধাপে ন্যাশনাল গার্ড মোতায়েন করা হচ্ছে। পেন্টাগন নিশ্চিত করেছে, মোতায়েনকৃত সেনা সদস্যরা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অবৈধ অভিবাসী দমন ও অপরাধ নিয়ন্ত্রণ অভিযানে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটিকে সহায়তা করবে। এজন্য প্রায় ১ হাজার ৭০০ ন্যাশনাল গার্ড সদস্যকে প্রস্তুত রাখা হয়েছে।

শুক্রবার হোয়াইট হাউসে দেওয়া বক্তব্যে ট্রাম্প ইঙ্গিত দিয়েছেন, ওয়াশিংটন ডিসির বাইরে এ অভিযান আরও কয়েকটি বড় সিটিতে সম্প্রসারিত হতে পারে। এ সময় তিনি ডিসির পর শিকাগো ও নিউইয়র্কে সেনা মোতায়েন ও ফেডারেল নিয়ন্ত্রণে নাম উল্লেখ করে ইঙ্গিত দিয়েছিলেন। তবে এখনো শিকাগো ও নিউইয়র্কে সেনা মোতায়েনের কোন সিদ্ধান আসেনি।

শুক্রবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, "আমরা শিকাগো দিয়ে শুরু করব, তারপর নিউইয়র্কে সহায়তা *৯-এর পৃষ্ঠায় দেখুন*

বিশাল বাজেট আর রেকর্ড অফিসার নিয়োগ

অবৈধ অভিবাসী ধরপাকড়ে প্রস্তুত হচ্ছে আইস

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে ট্রাম্প প্রশাসনের কঠোর ইমিগ্রেশন ক্র্যাকডাউনে উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যেই আরো ব্যাপক অবৈধ অভিবাসী ধরপাকড় ও বহিষ্কারের প্রস্তুতি নিচ্ছে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অভিবাসী বহিষ্কার কর্মসূচি বাস্তবায়নে আইস এর নতুন জনবল নিয়োগ, প্রশিক্ষণসহ গ্রেপ্তার প্রক্রিয়া ও যাবতীয় লজিস্টিক ব্যবস্থাপনা সাজানো হচ্ছে জোরেসোরে। অবৈধ অভিবাসী বিতাড়নে এসব নিয়োগ ও আইসের যাবতীয় লজিস্টিক ব্যবস্থাপনায় বিশাল বাজেটও বরাদ্দ করা হয়েছে। যা যুক্তরাষ্ট্রের ইতিহাসে সর্বোচ্চ।

আদালতের নির্দেশে বহিষ্কৃত ব্যক্তি, অপরাধে জড়িত কিংবা একাধিকবার অবৈধভাবে প্রবেশ ও ভিসার মেয়াদ শেষ হওয়া অভিবাসীদে সন্ধান ও গ্রেপ্তার কার্যক্রম দ্রুত করতে ব্যাপকহারে অভিযানে নামবে *৯-এর পৃষ্ঠায় দেখুন*

এবার ৫৫ মিলিয়ন বিদেশীর বৈধ ভিসা পুনঃনিরীক্ষার ঘোষণা

তথ্য যাচাইয়ে অপরাধমূলক কর্মকাণ্ড পড়লেই ভিসা বাতিল

বাংলা পত্রিকা রিপোর্ট: এবার যুক্তরাষ্ট্রে বৈধ ভিসা থাকা ৫৫ মিলিয়নেরও বেশি বিদেশীর ভিসা পুনঃনিরীক্ষা শুরু করার ঘোষণা দিলো ট্রাম্পপ্রশাসন। এসব যাচাইয়ে যদি ভিসাধারীর অনিয়ম ও অপরাধমূলক তথ্য পাওয়া যায় তাহলে ভিসা বাতিল এবং যুক্তরাষ্ট্রে অবস্থানরত ভিসাধারীদের দেশ ত্যাগের নির্দেশ দেয়া হবে।

বৃহস্পতিবার ইউএস স্টেট ডিপার্টমেন্ট ঘোষণা করেছে, সকল ভিসাধারী যেমন পর্যটক,শিক্ষার্থী বা বিনিময় প্রোগ্রামের অংশগ্রহণকারী "নিরবিচ্ছিন্ন যাচাই-বাছাই"-এর আওতায় থাকবেন।

এতে করে অবৈধ অভিবাসী বহিষ্কারেরপাশাপাশি বৈধ ভিসাধারীরা ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতির শিকার হতে পারেন বলে উদ্বেগ জানিয়েছে ইমিগ্রেশন বিশ্লেষকরা।

স্টেট ডিপার্টমেন্ট বিবৃতিতে জানায়, ভিসার অনুমোদিত সময়সীমা অতিক্রম করা, অপরাধমূলক কর্মকাণ্ড সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকা *৯-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কে টুরিস্ট বাস খাদে পড়ে নিহত ৫ আহত প্রায় ৩০

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক অঙ্গরাজ্যে ভয়াবহ এক সড়ক দুর্ঘটনায় অন্তত পাঁচজন নিহত হয়েছেন এবং আহত হয়েছেন আরও কয়েক ডজন যাত্রী। শুক্রবার দুপুর ১২টা ২০ মিনিটের দিকে নিউইয়র্ক স্টেট থ্রু-ওয়ের ইন্টারস্টেট ৯০ মহাসড়কে নিয়ন্ত্রণ হারিয়ে ৫২ জন যাত্রীবোঝাই একটি টুরিস্ট বাস খাদে পড়ে এই দুর্ঘটনা ঘটে। বাসটি নাইয়াগ্রা জলপ্রপাত থেকে নিউইয়র্ক সিটিতে ফিরছিল।

দুর্ঘটনার পর বাসটির যাত্রীদের তালিকা প্রকাশ করা হয়। তাতে দেখা যায়, চালক ও ট্যুর কোম্পানির এক কর্মীসহ মোট ৫৪ জন ছিলেন। যাত্রীদের অধিকাংশই ভারতীয়, চীনা ও ফিলিপিনো *৯-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্র ছেড়েছে ১৬ লাখ অবৈধ অভিবাসী!

সংখ্যা নিয়ে সংশয় বিশ্লেষকদের

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ট্রাম্পের নতুন অভিবাসন দমন অভিযানের পর থেকে বহিষ্কার ও স্বেচ্ছায় দেশ ত্যাগ করেছেন যুক্তরাষ্ট্রে বসবাসরত ১৬ লাখ অবৈধ অভিবাসী।

যুক্তরাষ্ট্রের ডিএইচএস সেক্রেটারী ক্রিস্টি নোয়েম গত সপ্তাহে দাবি করেছেন, প্রেসিডেন্ট ট্রাম্পের নতুন অভিবাসন দমন অভিযানের পর থেকে দেশে বসবাসরত অবৈধ অভিবাসীর সংখ্যা ১৬ লাখ কমেছে। তিনি একে "অভূতপূর্ব সাফল্য" হিসেবে বর্ণনা করে বলেন, কঠোর আইন প্রয়োগের পাশাপাশি সরকারের প্রচারাভিযানও অনেককে স্বেচ্ছায় দেশ ছাড়তে বাধ্য করেছে।

তবে ট্রাম্প প্রশাসনের এমন দাবি নিয়ে প্রশ্ন তুলেছেন গবেষক ও বিশেষজ্ঞরা। কারণ সরকারের দেয়া হিসাব অনুযায়ী, এ বছরের প্রথম ছয় মাসে প্রায় ১ লাখ ৫০ হাজার মানুষকে বহিষ্কার করা হয়েছে এবং ১৩ হাজার মানুষ স্বেচ্ছায় দেশ ছেড়েছে।

বিভিন্ন সংস্থার দাবি, ট্রাম্প প্রশাসনের অনুমান নির্ভর *১০-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

ভারতীয় হারজিন্দর সিংয়ের ট্রাক দুর্ঘটনা
যুক্তরাষ্ট্রে বন্ধ হচ্ছে বাণিজ্যিক ট্রাকচালকদের ভিসা

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com




Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ট্রাম্প কন্যা টিফানির স্বামী বুলোসের বিস্ময়কর উত্থান!

নিউইয়র্ক টাইমসের অনুসন্ধানে চাঞ্চল্যকর তথ্য



ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে (ডান থেকে) মেয়ে টিফানি ট্রাম্প, জামাতা মাইকেল বুলোস ও প্রাক্তন স্ত্রী মার্লা ম্যাপলস। ছবি: সংগৃহীত

বাংলা পত্রিকা ডেস্ক: হায়াইট হাউসের রোজ গার্ডেন। ২০২১ সালের এক সন্ধ্যা। হাঁটু গেড়ে বসে টিফানি ট্রাম্পকে বিয়ের প্রস্তাব দিলেন তরুণ ব্যবসায়ী মাইকেল বুলোস। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কনিষ্ঠ কন্যার প্রতি সেই প্রস্তাবেই খুলে যায় ক্ষমতা ও অর্থের দরজা। টিফানি রাজি হওয়ার পর থেকেই ট্রাম্প-বুলোস পরিবারের সম্পর্ক হয়ে ওঠে অটুট, আর সেখান থেকেই শুরু হয় মাইকেল বুলোস, তাঁর পরিবার ও ঘনিষ্ঠদের অদ্ভুত উত্থান।

ইয়ট জালিয়াতি ও প্রভাবের ব্যবহার: বিয়ের প্রস্তাবের কিছুদিনের মধ্যেই প্রথম আলোড়ন তোলে একটি ইয়ট চুক্তি। মাইকেল বুলোস তখন তাঁর চাচাতো ভাইয়ের একটি ইয়ট ব্রোকারেজে কাজ করছিলেন। সুযোগ পেয়ে তিনি জ্যারেড কুশনারকে (ট্রাম্পের বড় মেয়ে ইভাঙ্কার স্বামী) একটি সুপারইয়টে বিনিয়োগে রাজি করান। কিন্তু আসল দাম গোপন রেখে কুশনারের কাছ থেকে প্রায় ২৫ লাখ ডলার অতিরিক্ত অর্থ আদায় করা হয়। পরে আদালতের নথি ও খুদেবার্তায় উঠে আসে, পুরো লেনদেনটিই ছিল প্রতারণার অংশ। বর্তমানে সেই সুপারইয়টটি অসম্পূর্ণ অবস্থায় গ্রীসে পড়ে আছে।

সৌদি ব্যবসায়ীর কাছে 'বিয়ের দাওয়াত বিক্রি'

আরেক চাঞ্চল্যকর কাণ্ড ঘটেছিল বিয়েকে কেন্দ্র করে। টিফানি ও বুলোসের বিয়ের দাওয়াতকে কেন্দ্র করে সৌদি এক ধনী ব্যবসায়ীর কাছে সুযোগ বিক্রির চেষ্টা হয়। বুলোসের চাচাতো ভাই জিমি ফ্রাঙ্গি প্রলোভন দেখানড় বিয়েতে অংশ নিয়ে ট্রাম্প পরিবারের সঙ্গে ছবি তুলতে পারলে সেটি ব্যবসায়িক বিনিয়োগে কাজে লাগানো যাবে। কিন্তু শেষ পর্যন্ত সৌদি ব্যবসায়ী বিয়ের আমন্ত্রণ পাননি। তবু খুদেবার্তা থেকে জানা যায়, বুলোস ও তাঁর পরিবার ওই ব্যবসায়ীর কাছ থেকে অন্তত এক লাখ ডলার পেয়েছিলেন।

ক্ষমতার কাছাকাছি আসা: বিয়ের পর বুলোস পরিবারের প্রভাব আরও বাড়তে থাকে। টিফানির শ্বশুর মাসাদ বুলোসকে ট্রাম্প নিজ নির্বাচনী প্রচারণার একজন মুখপাত্র বানান। তাকে প্রভাবশালী ব্যবসায়ী হিসেবেও পরিচয় করিয়ে দেওয়া হয় সংবাদমাধ্যমে। অথচ তাঁর প্রকৃত সম্পদ ছিল নগণ্যড়নিজ শ্বশুরবাড়ির নাইজেরিয়ার একটি ট্রাক কোম্পানির সামান্য কিছু শেয়ার। কিন্তু ২০২৪ সালের নির্বাচনে ট্রাম্প জয়ী হওয়ার পরই মাসাদ বুলোস মধ্যপ্রাচ্যবিষয়ক প্রেসিডেন্টের উপদেষ্টা এবং পরে স্টেট ডিপার্টমেন্টের আফ্রিকাবিষয়ক জ্যেষ্ঠ উপদেষ্টা হিসেবে নিয়োগ পান।



টিফানি ট্রাম্প ও মাইকেল বুলোস। ছবি: সংগৃহীত

ব্যবসায়িক সুযোগের খোঁজে সহযোগীরা: ক্ষমতার এই কাছাকাছি আসা থেকে সুযোগ নিতে শুরু করেন পরিবারের ঘনিষ্ঠরাও। ট্রাম্পের অভিষেক অনুষ্ঠানে বুলোস পরিবারের ব্যবসায়ী বন্ধু হাবিব সাইদি ছিলেন মার-এ-লাগোতে। তিনি সেখানেই সৌদি-সংযোগযুক্ত ফাইন্যান্সার কেসি গ্রিনের সঙ্গে পরিচয় করে দেন নিজেকে। প্রত্যক্ষদর্শীরা বলেন, সাইদি জানিয়ে দেন যে তিনি ও তাঁর বন্ধুরা ক্ষমতার এই কেন্দ্রকে ব্যবহার করে মধ্যপ্রাচ্যে বিশেষত সৌদিতে নির্মাণ প্রকল্পে বিনিয়োগ করতে চান। যদিও পরবর্তীতে সাইদি এসব কথা অস্বীকার করেন।

সৌদি ধনকুবেরের সঙ্গে গোপন চুক্তি: ২০২২ সালের জুনে আরও আলোচিত এক ঘটনা ঘটে। মাইকেল বুলোস ও জিমি ফ্রাঙ্গি যান ভার্জিনিয়ার একটি প্রাসাদোপম বাড়িতে। সেটি ছিল সৌদি ব্যবসায়ী আব্দুলেলাহ আল্লামের। দুর্নীতিবিরোধী অভিযানে তাঁর বিলিয়ন ডলারের সম্পদ সৌদি সরকার জব্দ করে রেখেছিল। মরিয়া হয়ে সম্পদ ফেরত চাইছিলেন তিনি। ফ্রাঙ্গি খুদেবার্তায় লিখেছিলেন, বুলোসের ট্রাম্প-সংযোগ কাজে লাগিয়ে সৌদি সরকারের ওপর চাপ তৈরি করা হবে, বিনিময়ে আল্লামের ঋণ মওকুফ করা হবে। সেই বৈঠকের দিন আল্লাম সরাসরি মাইকেল বুলোসের অ্যাকাউন্টে ১ লাখ ডলার পাঠান।

কিন্তু পরিকল্পনা ব্যর্থ হয়। আল্লাম বিয়ের আমন্ত্রণ পাননি, আর তাঁর সম্পদও ফেরত আসেনি। কাছের লোকজন আগেই তাঁকে সতর্ক করেছিলেন ট্রাম্প পরিবারের ঘনিষ্ঠ হওয়ার ফাঁদ কাজ করবে না। শেষ পর্যন্ত তাই-ই হয়।

উত্থান: নিউ ইয়র্ক টাইমস যে নথি, খুদেবার্তা ও সাক্ষাৎকার বিশ্লেষণ করেছে, তাতে স্পষ্টড় টিফানিকে বিয়ের প্রস্তাব দেওয়ার পর থেকেই বুলোস পরিবার ও তাদের সহযোগীরা ৫-এর পৃষ্ঠায় দেখুন

উডসাইডে 'ফিফটি এইট ম্যানর পার্টি হল অ্যান্ড রেস্টুরেন্ট'র যাত্রা শুরু

নিউইয়র্ক: নিউইয়র্কের বহুজাতিক শহর কুইন্সের উডসাইডে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে 'ফিফটি এইট ম্যানর পার্টি হল অ্যান্ড রেস্টুরেন্ট'। জমকালো আয়োজনের মধ্য দিয়ে উদ্বোধন হওয়া এ পার্টি হল স্থানীয় কমিউনিটির জন্য সামাজিক, সাংস্কৃতিক ও পারিবারিক অনুষ্ঠানের এক নতুন ভেন্যু হিসেবে যুক্ত হলো।

প্রায় ৫০০ আসন বিশিষ্ট আধুনিক হলরুমটি সাজানো হয়েছে সর্বাধুনিক সুবিধা ও নান্দনিক পরিবেশে, যাতে বিয়ে, জন্মদিন, কনফারেন্স, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা আয়োজনে ব্যবহার করা যায়। বিশেষত্ব হলোড়সুলভ মূল্যে ভাড়া পাওয়া যাবে এই হলরুম, যা নিউইয়র্ক সিটির সাধারণ বাসিন্দাদের জন্য অনুষ্ঠান আয়োজনকে আরও সহজ করে তুলবে।

তরুণ উদ্যোক্তা ফারহান আনোয়ার, ফেরদৌসী বানু স্বর্ণা, সেলিম গফুর, মনীষা রাওয়াল এবং চেরী কাসটিলভী একত্রে এ উদ্যোগ নিয়েছেন। তাদের লক্ষ্য ছিল নিউইয়র্কের প্রবাসী কমিউনিটির জন্য এমন একটি ভেন্যু তৈরি করা, যেখানে আয়োজনের পাশাপাশি থাকবে আতিথেয়তার পরিবেশও।

উদ্বোধনী আয়োজনে অতিথিরা বলেন, উডসাইডের মতো গুরুত্বপূর্ণ এলাকায় এমন একটি উদ্যোগ শুধু বাংলাদেশি নয়, বরং নিউইয়র্কের বহুজাতিক কমিউনিটির অনুষ্ঠান আয়োজনকে আরও প্রাণবন্ত করে তুলবে।

প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনায় রয়েছেন জেনারেল ম্যানেজার জিনাত সোয়ান। তিনি ভেন্যুর সার্বিক কার্যক্রম পরিচালনার দায়িত্বে থাকবেন।

স্থানীয়রা আশা করছেন, 'ফিফটি এইট ম্যানর পার্টি হল অ্যান্ড রেস্টুরেন্ট' নিউইয়র্কবাসীর সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে নতুন মাত্রা যোগ করবে।







হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 West 36th Street Suite 400 New York, NY 10018	1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210

রাজনীতিতে মনোনয়ন পেতে দৌড়ঝাঁপ

● নির্বাচনে আগ্রহীরা ঘুরছেন এলাকায় ● যোগাযোগ রাখছেন কেন্দ্রেও

বাংলা পত্রিকা ডেস্ক: বিএনপি ও সমমনা রাজনৈতিক দলগুলো এখনো প্রার্থী চূড়ান্ত করেনি। যারা নির্বাচনে প্রার্থী হতে আগ্রহী সবাই যার যার এলাকায় ঘুরে বেড়াচ্ছেন। দলের শীর্ষ নেতাদের সঙ্গে মনোনয়ন নিশ্চিত করার জন্যও যোগাযোগ রাখছেন। যদিও এরই মধ্যে বিএনপির অর্ধশতাধিক নেতাকে দলের শীর্ষ পর্যায় থেকে সবুজ সংকেত দেওয়া হয়েছে বলে জানা গেছে। তার পরেও আনুষ্ঠানিক চিঠি হাতে না পাওয়া পর্যন্ত কারোর মনোনয়নই নিশ্চিত নয়। এদিকে জামায়াতে ইসলামী ও ইসলামী আন্দোলন বাংলাদেশ সব আসনে তাদের প্রার্থী চূড়ান্ত করে সংশ্লিষ্ট এলাকায় কাজ করার জন্য প্রার্থীদের নির্দেশ দিয়েছে।

বিএনপির সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে সংসদীয় আসনগুলোতে প্রার্থী বাছাইয়ের প্রস্তুতি হিসেবে ইতোমধ্যে একাধিক জরিপ সম্পন্ন করা হয়েছে। গত দেড় দশকে অনুষ্ঠিত তিনটি জাতীয় সংসদ নির্বাচনের একটিতে অংশ নিলেও দুটি নির্বাচন বর্জন করে বিএনপি। এই দীর্ঘ সময়ে দলটির নেতা-কর্মীদের আন্দোলনের অভিজ্ঞতা থাকলেও নির্বাচনি চ্যালেঞ্জে ঘাটতি রয়েছে। প্রার্থী নির্বাচনে এবার সেই দিকটিও বিবেচনায় রাখা হচ্ছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতি আসনে ১০-১২ জন করে দলীয় মনোনয়নপ্রত্যাশী মাঠে দৌড়ঝাঁপে নেমেছেন। এরই মধ্যে নিজ নিজ নির্বাচনি এলাকায় তারা গণসংযোগ শুরু করে দিয়েছেন। পাশাপাশি দলীয় মনোনয়ন লাভে তাঁরা কেন্দ্রেও দৌড়ঝাঁপ করছেন। এ ক্ষেত্রে জনপ্রিয়তা, দলীয় নেতাদের মতামত, দলের জন্য ত্যাগ-তিতিক্ষা, বিগত দিনের ফ্যাসিবাদবিরোধী আন্দোলন-সংগ্রামে ভূমিকা, দুঃসময়ে নেতা-কর্মীদের পাশে থাকা, সততা, শিক্ষাগত যোগ্যতাকে প্রাধান্য দেওয়া হচ্ছে। এসব মানদণ্ড যাচাই করেই বিএনপি প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পন্ন করার সিদ্ধান্ত নিয়েছে বলে দলীয় সূত্র নিশ্চিত করেছে।

জানতে চাইলে বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বাংলাদেশ প্রতিদিনকে বলেন, প্রার্থীর জনপ্রিয়তাসহ যাঁকে মনোনয়ন দিলে আসনটি নিশ্চিত হবে, তাঁকেই দলীয় মনোনয়ন দেওয়া হবে। কারণ সংসদীয় সরকারব্যবস্থায় একটা আসন জয়লাভের ওপর সরকার গঠন নির্ভর করে। বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য, দলের চেয়ারপারসনের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির বিশেষ সহকারী শেখ রবিউল আলম বলেন, ফ্যাসিস্টমুক্ত পরিবেশে ভোটের মাধ্যমে জনপ্রতিনিধি নির্বাচন করতে মানুষ উদগ্রীব হয়ে আছে। বিএনপি আন্দোলন-সংগ্রাম ও সংগঠন পরিচালনা করে নির্বাচন করার জন্য। ফলে নির্বাচনের জন্য আলাদা করে প্রস্তুতি নেওয়ার কিছু নেই।

খোঁজ নিয়ে জানা গেছে, শুধু বিএনপির নয়, নির্বাচন কমিশনের নিবন্ধিত-অনিবন্ধিত প্রায় সব দলের মনোনয়নপ্রত্যাশীরাই নির্বাচনি এলাকার ভোটারদের মাঝে নিজেদের জনপ্রিয়তা প্রমাণে সব ধরনের তৎপরতা শুরু করেছেন। প্রার্থীরা মনোনয়ন পেতে মরিয়া হয়ে উঠেছেন। ভোটারদের সঙ্গে যোগাযোগ, উঠান বৈঠকসহ নির্বাচনি গণসংযোগ চালিয়ে যাচ্ছেন। বিএনপির সমমনা দলগুলো সর্বোচ্চসংখ্যক আসনে ছাড় পেতে তারেক রহমানের ঘনিষ্ঠজনসহ বিএনপির প্রভাবশালী নেতাদের সঙ্গে দরকষাকষি শুরু করেছে। যুগপৎ আন্দোলনে থাকা দলগুলোর মধ্য থেকে এবার যাঁদের নির্বাচনে জয়ী হওয়ার সম্ভাবনা রয়েছে, শুধু তাঁদেরই আসন ছেড়ে দেওয়া হবে। তবে ঠিক কতটি আসনে ছাড় দেওয়া হবে, তা এখনো সিদ্ধান্ত হয়নি। বিএনপির দীর্ঘদিনের রাজপথের মিত্রদল জাতীয়তাবাদী সমমনা জোটের আহ্বায়ক ও ন্যাশনাল পিপলস পার্টির (এনপিপি) চেয়ারম্যান ড. ফরিদুজ্জামান ফরহাদ বাংলাদেশ প্রতিদিনকে বলেন, তাঁর নির্বাচনি এলাকা নড়াইল-২-এ নিয়মিত হাটবাজার থেকে শুরু করে পাড়া-মহল্লায় উঠান বৈঠক করছেন। তিনি জানান, আওয়ামী লীগের বিরুদ্ধে বিএনপি জোটগতভাবে যত কর্মসূচি দিয়েছে সব কর্মসূচি পালন করেছেন। তিনি আশাবাদী মিত্রদলগুলোকে মূল্যায়ন করলে তাঁর আসনে ছাড় দেওয়া হবে।

জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, 'আমরা ৩০০ আসনের সব ৮-এর পৃষ্ঠায় দেখুন

আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে কঠোর পুলিশ

বাংলা পত্রিকা ডেস্ক: ঘনিয়ে আসছে ত্রয়োদশ জাতীয় নির্বাচন। তবে আইনশৃঙ্খলা পরিস্থিতি এখনো স্বাভাবিক না হলেও আগের তুলনায় ক্রমেই কঠোর হচ্ছে পুলিশ। পরিস্থিতি নিয়ন্ত্রণে জিরোটলারেন্স নীতিতে এগোচ্ছে তারা। এর মধ্যে অবৈধ অস্ত্র, মাদক এবং চাঁদাবাজি বন্ধে পুলিশ সদর দপ্তর থেকে মাঠ পর্যায়ে দেওয়া হয়েছে বিশেষ বার্তা। অপরাধ নিয়ন্ত্রণের ক্ষেত্রে 'জিরো টলারেন্স' ঘোষণার কথাও ভাবছে সরকারের শীর্ষ মহল। যদিও সংশ্লিষ্টরা বলছেন, প্রত্যাশা এবং প্রাপ্তির মধ্যে এখনো বিস্তর ফারাক। সরকারের উচিত হবে অতি দ্রুত নেপথ্য কারণ বের করে এর সুস্পষ্ট সমাধান করা।

এসপিদের কাছে বিশেষ নির্দেশনা

২৪ ঘণ্টায় সারা দেশে গ্রেপ্তার ১৮৮০

সম্প্রতি স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে যেভাবে রয়েছে, আমার মনে হয় নির্বাচন করতে তেমন অসুবিধা হবে না। অবৈধ অস্ত্র উদ্ধারের জন্য আমরা পুরস্কারের ঘোষণাও দিয়েছি। আমরা মাঠপর্যায়ে নির্বাচনি কার্যক্রম অনেক আগে থেকেই শুরু করেছি। আমার দায়িত্ব ভোট কেন্দ্র দেখা না, ভোটের প্রস্তুতি গ্রহণ করা। বাইরে থেকে কী ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে সে বিষয়ে খোঁজ নেওয়া।

জানা গেছে, গত বৃহস্পতিবার ঢাকা মহানগর পুলিশ সদর দপ্তরে উচ্চ পর্যায়ের বৈঠকে কঠিন হুঁশিয়ারি উচ্চারণ করেছেন খোদ কমিশনার সাজ্জাত আলী। ছিনতাই, চাঁদাবাজি রোধে সাঁড়াশি অভিযান পরিচালনার নির্দেশ দিয়েছেন তিনি। আগাম প্রতিরোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা হিসেবে ফুট প্যাট্রলিং এবং মোটরসাইকেল প্যাট্রলিং বাড়ানোর নির্দেশ দিয়েছেন তিনি। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানের সিসিটিভি ক্যামেরা সচল আছে কিনা তা দেখে ব্যবস্থা নেওয়াসহ টানা পার্টি দমনে বিশেষ নির্দেশ দেন কমিশনার।

সূত্র বলছে, রাজধানীসহ দেশের প্রায় সব এলাকাতেই ঘটছে খুনাখুনি, চাঁদাবাজি, রাজনৈতিক হানাহানি এবং সামাজিক বিরোধের মতো ঘটনা। সীমান্ত দিয়ে এখনো আগের মতোই ঢুকছে ভয়ংকর সব আগ্নেয়াস্ত্র-মাদক। পুলিশ সদর দপ্তরের হিসাব অনুযায়ী, গত এক বছরে (জুলাই ২০২৪ থেকে জুন ২০২৫) হত্যা মামলা ৩ হাজার ৮৫৭। ৮-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

ডাকসু নির্বাচন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ বা ডাকসু একসময় হয়ে উঠেছিল বাংলাদেশে গণতান্ত্রিক চর্চা ও রাজনৈতিক নেতৃত্ব তৈরির এক অমূল্য ক্ষেত্র। ষাটের দশকের গণ-আন্দোলন থেকে শুরু করে মুক্তিযুদ্ধ পর্যন্ত এবং পরবর্তী সময়ে স্বৈরাচারবিরোধী আন্দোলনের দিনগুলোতেও ডাকসুর নেতারা সামনের কাতারে ছিলেন। আমাদের জাতীয় রাজনীতির বহু প্রভাবশালী নেতা এই মঞ্চ থেকেই উঠে এসেছেন। একসময় ডাকসু কেবল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের প্রতিনিধি ছিল না, বরং দেশের রাজনৈতিক ভবিষ্যৎ নির্ধারণের ক্ষেত্রেও এর অবদান অনস্বীকার্য।

কিন্তু যে প্রতিষ্ঠান তরুণ প্রজন্মকে রাজনৈতিক পরিসরে নেতৃত্বের শিক্ষা দিত, তা দীর্ঘদিন কার্যত অচল হয়ে পড়ে থাকে। ১৯৯০ সালের পর প্রায় তিন দশক কোনো ডাকসু নির্বাচন হয়নি, ফলে একটি প্রজন্ম গণতান্ত্রিক অভিজ্ঞতা থেকে বঞ্চিত হয়। ছাত্রসমাজে যে জায়গাটি বিতর্ক, আলোচনা, নীতি প্রণয়ন ও যৌথ সিদ্ধান্ত নেওয়ার স্কুল হিসেবে কাজ করার কথা ছিল, সেটি হারিয়ে যায়। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলো রাজনীতির নামে দলীয় আধিপত্য ও সহিংসতার শিকার হলেও গণতান্ত্রিক সংস্কৃতির স্কুল হয়ে ওঠার সুযোগ পায়নি।

২০১৯ সালে যখন নতুন করে নির্বাচন হলো, তখন নতুন আশার আলো জ্বলে উঠেছিল। শিক্ষার্থীরা ভেবেছিলেন তিন দশকের শূন্যতা ভরে উঠবে, নেতৃত্ব বিকাশের নতুন পথ খুলবে। কিন্তু সে নির্বাচন ঘিরে যেভাবে অনিয়ম, কারচুপি, ভোটকেন্দ্র দখল এবং অভিযোগের পাহাড় তৈরি হলো, তাতে সেই আশাভঙ্গের বেদনা আরও গভীর হলো।

প্রশ্ন হলো, আমরা কি ডাকসুকে কেবল অতীতের গৌরবগাথা হিসেবে দেখতে চাই, নাকি এটিকে আবার সক্রিয় করতে চাই? আজকের প্রেক্ষাপটে যখন দেশের সাধারণ নির্বাচন নিয়ে অবিশ্বাস ও সন্দেহ বিরাজ করছে, তখন বিশ্ববিদ্যালয়ের মতো শিক্ষাঙ্গনে একটি নিরপেক্ষ, সুষ্ঠু ও নিয়মিত নির্বাচন গণতান্ত্রিক চর্চাকে নতুন প্রজন্মের কাছে জীবন্ত করে তুলতে পারে। ডাকসু যদি সক্রিয় থাকে, তবে শিক্ষার্থীরা শুধু আন্দোলনের মিছিলেই নয়, নীতিনির্ধারণ, বিতর্ক, পরিকল্পনা ও সংস্কৃতিচর্চার মধ্য দিয়েও নেতৃত্বের অভিজ্ঞতা অর্জন করতে পারবেন। একটি গণতান্ত্রিক সমাজে নেতৃত্বের প্রথম পাঠ আসা উচিত শিক্ষাঙ্গন থেকে এবং সেই পাঠদানের সবচেয়ে বড় মঞ্চ ডাকসুই হতে পারে।

এ ক্ষেত্রে মূল দায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের, যারা নির্বাচনের নিয়মিত আয়োজন নিশ্চিত করতে পারেনি, এবং রাজনৈতিক দলগুলোর, যারা ডাকসুকে নিজেদের প্রভাব বিস্তারের জায়গায় পরিণত করেছে। অথচ ছাত্র সংসদ আসলে শিক্ষার্থীদের কল্যাণ, বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও সাংস্কৃতিক বিকাশের জন্য কাজ করার প্ল্যাটফর্ম হওয়া উচিত। সেটিকে দলীয় আধিপত্যমুক্ত রাখা ছাড়া ডাকসুর পুনর্জাগরণ সম্ভব নয়। সুষ্ঠু ভোট আয়োজন, প্রার্থীদের অবাধ প্রচারণা, ভোটকেন্দ্রের নিরপেক্ষতা এবং প্রশাসনিক স্বচ্ছতা ছাড়া কোনো নির্বাচনই বিশ্বাসযোগ্য হতে পারে না।

এখন সময় এসেছে নতুন করে ভাবার। ডাকসুকে নিয়মিত নির্বাচনের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে ফিরিয়ে দিতে হবে। সহিংসতা, দখল ও কারচুপির সংস্কৃতি থেকে বেরিয়ে এসে একে ছাত্র-ছাত্রীদের বাস্তব সমস্যার সমাধান এবং ভবিষ্যৎ নেতৃত্ব গঠনের ক্ষেত্র বানাতে হবে।



সম্পর্কে নতুন মোড় বনাম অমীমাংসিত ইস্যু

আজাদুর রহমান চন্দন



একটি কথা না বললেই নয়, অমীমাংসিত ইস্যুগুলোর সুষ্ঠু সমাধান না করে পাকিস্তানের সঙ্গে সম্পর্কোন্নয়নের যেকোনো পদক্ষেপ হবে বাংলাদেশের জাতীয় চেতনাকে উপেক্ষা করার শামিল। পাকিস্তান যত দিন একাত্তরের গণহত্যার দায় স্বীকার না করবে তত দিন দেশটির সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ানোর উদ্যোগ মুক্তিযুদ্ধে শহীদদের আত্মত্যাগের প্রতি অবমাননারও শামিল।

'হাসিনা পরবর্তী বাংলাদেশ-পাকিস্তানের সম্পর্কের নতুন মোড়' শিরোনামে একটি প্রতিবেদন একটি দৈনিকে প্রকাশিত হয় গত ১৭ জানুয়ারি। আল জাজিরা সূত্রের বরাত দিয়ে প্রতিবেদনটিতে বলা হয়, বাংলাদেশ ও পাকিস্তানের সম্পর্কের ইতিহাস দীর্ঘদিন ধরেই উত্তেজনাপূর্ণ। তবে সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তনের কারণে দুই দেশের মধ্যে কূটনৈতিক ও সামরিক যোগাযোগ বাড়ছে। বিশেষ করে ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের পতনের পর, দুই দেশ নিজেদের ঐতিহাসিক শত্রুতা পেছনে রেখে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করছে। প্রতিবেদনে ওই মাসেই রাওয়ালপিন্ডিতে পাকিস্তানের সেনাপ্রধান জেনারেল আসিম মুনির এবং বাংলাদেশ সেনাবাহিনীর প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল এস এম কামরুল হাসানের মধ্যে বৈঠকের প্রসঙ্গ উল্লেখ করে বলা হয়, এ বৈঠকে দুই দেশের মধ্যে সামরিক সহযোগিতা জোরদার এবং পারস্পরিক সম্পর্ককে বহিরাগত প্রভাব থেকে মুক্ত রাখার বিষয়ে আলোচনা হয়।

১৯৭১ সালে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে বাংলাদেশ পাকিস্তান থেকে স্বাধীনতা অর্জন করে। সেই সময় পাকিস্তানি সামরিক বাহিনী এবং এ দেশে তার অক্সিলারি ফোর্স বা সহযোগী বাহিনীগুলো গণহত্যার পাশাপাশি মানবতাবিরোধী অপরাধ সংঘটিত করেছিল, যা দুই দেশের মধ্যে গভীর বিভেদ সৃষ্টি করে। মুক্তিযুদ্ধের পর থেকে পাকিস্তান ও বাংলাদেশের মধ্যে সম্পর্ক ছিল উত্তেজনাপূর্ণ। আল জাজিরার প্রতিবেদনে দাবি করা হয়, এই ঐতিহাসিক ক্ষত আরও গভীর হয়েছিল বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘ ১৬ বছরের শাসনকালে। কিন্তু ২০২৪ সালে গণবিক্ষোভের কারণে হাসিনার পদত্যাগ ও ভারতে চলে যাওয়ার পর থেকে দুই দেশের মধ্যে সম্পর্ক উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হচ্ছে। ভারতের সঙ্গে সম্পর্কের টানাপোড়েন এবং হাসিনা সরকারের প্রতি ভারতের দীর্ঘমেয়াদি সমর্থন দুই দেশের রাজনৈতিক গতিপথ পরিবর্তনে ভূমিকা রেখেছে। নতুন অন্তর্বর্তী সরকার ভারতের কাছ থেকে শেখ হাসিনাকে প্রত্যর্পণ চেয়েছে। এই প্রেক্ষাপটে, পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের সাম্প্রতিক বন্ধুত্বের বৃদ্ধি একটি নতুন কূটনৈতিক বাস্তবতা তৈরি করছে। গত ডিসেম্বরে মিসরের রাজধানী কায়রোতে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সাক্ষাৎ করার বিষয়টি উল্লেখ করে প্রতিবেদনে বলা হয়, এর আগে তারা জাতিসংঘের সাধারণ পরিষদের বৈঠকে একত্রে আলোচনা করেছিলেন। বাংলাদেশ ও পাকিস্তানের সাম্প্রতিক উচ্চপর্যায়ের বৈঠকগুলো সম্পর্কের পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে।

বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক বাড়ার সম্ভাবনার কথা তুলে ধরে আল জাজিরা। ২০২৪ সালে দুই দেশের মধ্যে বাণিজ্যের পরিমাণ ছিল ৭০ কোটি মার্কিন ডলারের বেশি। বাংলাদেশ তার ক্রমবর্ধমান অর্থনীতির মাধ্যমে পাকিস্তানের জন্য একটি গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদার হয়ে উঠতে পারে বলে আল জাজিরার অভিমত। ওই প্রতিবেদনে দুই দেশের যেসব উচ্চপর্যায়ের বৈঠককে সম্পর্ক পরিবর্তনের ইঙ্গিত হিসেবে বর্ণনা করা হয়, সে ধরনের বৈঠক-সফর চলমান। পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার গত শনিবার দুদিনের সফরে ঢাকায় আসেন। সফরের প্রথম দিনেই তিনি বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাদের সঙ্গে আলাদা বৈঠক করেন। এসব বৈঠকে তিনি রাজনৈতিক পরিসরসহ নানা ক্ষেত্রে দুই দেশের সম্পর্ক বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন। পারস্পরিক শ্রদ্ধা ও স্বার্থের ভিত্তিতে এই সম্পর্ক জোরদার করার বিষয়ে তিনি পাকিস্তানের অঙ্গীকারও ব্যক্ত করেন। তবে দ্বিতীয় দিন হোটেল সোনারগাঁওয়ে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে বৈঠকের পর তিনি অতি স্পর্শকাতর বিষয়ে মন্তব্য করেন। ইসহাক দার দাবি করে বলেন, একাত্তরের গণহত্যার জন্য ক্ষমা চাওয়াসহ অমীমাংসিত তিন সমস্যার নাকি দুবার সমাধান হয়েছে। অমীমাংসিত ইস্যু নিয়ে তিনি বলতে চান, ১৯৭৪ সালে প্রথমবারের মতো বিষয়টির নিষ্পত্তি হয়েছে। আর ওই সময়ের দলিলটি দুই দেশের জন্য ঐতিহাসিক। এরপর জেনারেল পারভেজ মোশাররফ এখানে (বাংলাদেশে) এসে প্রকাশ্যে ও খোলামনে বিষয়টির সমাধান করেছেন। ফলে বিষয়টির দুবার সমাধান হয়েছে। একবার ১৯৭৪ সালে, আরেকবার ২০০০ সালের শুরুতে।

ইসহাক দারের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে প্রশ্ন জাগে, বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে অমীমাংসিত ইস্যুগুলো আসলে কী? অমীমাংসিত ইস্যু তিনটি ধরা হলে প্রথমেই আসে একাত্তরে সংঘটিত গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের জন্য বাংলাদেশের জনগণের কাছে পাকিস্তানের ক্ষমা চাওয়ার প্রসঙ্গ। ইসহাক দার যেমনটি দাবি করেছেন, সে মতো পাকিস্তান কি আসলেই কখনো ক্ষমা চেয়েছে? হ্যাঁ, ১৯৭৪ সালে পাকিস্তানের পক্ষ থেকে বাংলাদেশের কাছে 'ক্ষমা করো এবং ভুলে যাও' আবেদন করা হয়েছিল বৈকি। তিন দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সই করা চুক্তিতে আবেদনটি ছিল পাকিস্তানের প্রধানমন্ত্রীর পক্ষ থেকে। সেই আবেদনের পরিপ্রেক্ষিতেই গণহত্যা, মানবতার বিরুদ্ধে অপরাধ ও যুদ্ধাপরাধের অভিযোগে অভিযুক্ত ১৯৫ জন পাকিস্তানি সামরিক কর্মকর্তাকে পাকিস্তানের কাছে তুলে দেওয়া হয়েছিল। ওই চুক্তি করার আগে পাকিস্তানের তখনকার পররাষ্ট্রমন্ত্রী আজিজ আহমেদ সংবাদ সম্মেলন করে বলেছিলেন, 'বাংলাদেশ যদি এদের ক্ষমা করে, তবে আমরা এই ১৯৫ জনের যাদের বিরুদ্ধে অভিযোগের প্রমাণ পাব, তাদের বিচার নিশ্চিত করব।' কিন্তু সেই বিচার করার কোনো উদ্যোগ তো দূরের কথা, তেমন কোনো মনোভাবও পরে আর দেখায়নি ইসলামাবাদ।

এর বাইরেও চুক্তির আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শর্ত পাকিস্তান লঙ্ঘন করে। যেমন চুক্তিতে ছিল, বাংলাদেশে আটকে পড়া পাকিস্তানিদের ফিরিয়ে নেবে পাকিস্তান। কিন্তু এত বছরেও দেশটি এ বিষয়ে কোনো উদ্যোগ নেয়নি, ইচ্ছাও প্রকাশ করেনি। আইন মতে, কোনো পক্ষ চুক্তির শর্ত ভঙ্গ করলে তবে তা আপনা-আপনিই বাতিল হয়ে যায়। সংগত কারণেই বাংলাদেশের জাতীয় সংসদ চুক্তিটি কখনো অনুমোদন করেনি। পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের অমীমাংসিত ইস্যুর মধ্যে আরেকটি হলো দেশটির কাছে বাংলাদেশের প্রায় সাড়ে চার বিলিয়ন (৪৫০ কোটি) ডলার পাওনা। গত এপ্রিলে ঢাকায় পররাষ্ট্রসচিব পর্যায়ের বৈঠকেও অমীমাংসিত বিষয়গুলোর সমাধান করতে *১০-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্রের বাজারে অদম্য বাংলাদেশের পোশাক রপ্তানি



শাহীন হাওলাদার

যখন ট্রাম্প প্রশাসন হঠাৎ করে বাংলাদেশি পণ্যের ওপর ৩৭ শতাংশ পাল্টা শুল্ক আরোপের ঘোষণা দিয়েছিল, তখন ব্যবসায়ী মহল থেকে শুরু করে আমরা সবাই আশঙ্কা করেছিলাম -এই নতুন শুল্কহার বাংলাদেশের যুক্তরাষ্ট্রে রপ্তানি, বিশেষ করে পোশাক খাতে বিপর্যয় ডেকে আনবে। তবে, যুক্তরাষ্ট্র সরকারের বাংলাদেশের প্রতি নমনীয়তা এবং ধাপে ধাপে তা কমিয়ে ২০ শতাংশে নামিয়ে আনার সিদ্ধান্ত দেশবাসী ও ব্যবসায়ী সমাজের মধ্যে স্বস্তি ফিরিয়ে আনে।

নতুন শুল্কহার আরোপের শঙ্কা ও উদ্বেগ উড়িয়ে দিয়ে ২০২৫ সালের প্রথমার্ধে অর্থাৎ জানুয়ারি - জুন সময়ে যুক্তরাষ্ট্রে পোশাক পণ্য রপ্তানিতে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন করেছে। এ প্রবৃদ্ধির পেছনে রয়েছে রপ্তানিকারকদের সক্ষমতা ও শ্রমিকদের অক্লান্ত পরিশ্রম এবং সরকারের সময়োপযোগী পদক্ষেপ, যা বাজারে বাংলাদেশের অংশীদারিত্ব ধরে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

মার্কিন বাণিজ্য বিভাগের অধীন সংস্থা ওটেক্স (অফিস অফ টেক্সটাইলস অ্যান্ড অ্যাপারেল) এর প্রকাশিত তথ্যে দেখা যায়, ২০২৫ সালের জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত সময়ে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি যুক্তরাষ্ট্রে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এই ছয় মাসে বাংলাদেশ যুক্তরাষ্ট্রে ৪.২৫ বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পোশাক রপ্তানি করেছে, যা ২০২৪ সালের একই সময়ের তুলনায় ২৫.১২ শতাংশ বেশি। ২০২৪ সালের জানুয়ারি-জুন সময়ে এ খাত থেকে রপ্তানি আয় ছিল ৩.৩৯ বিলিয়ন ডলার।শুধু জুন মাসেই রপ্তানি দাঁড়িয়েছে ৭২৩ মিলিয়ন ডলারে, যা মে মাসের ৫৪৭ মিলিয়নের তুলনায় ৩২.০৯ শতাংশ প্রবৃদ্ধি নির্দেশ করে।

যুক্তরাষ্ট্রের মোট পোশাক আমদানির পরিমাণও এই সময়ে বৃদ্ধি পেয়েছে। ২০২৫ সালের জানুয়ারি-জুন সময়ে দেশটি বিশ্বের বিভিন্ন দেশ থেকে মোট ৩৮.১৬ বিলিয়ন ডলারের পোশাক আমদানি করেছে, যা আগের বছরের তুলনায় ৬.৭৪ শতাংশ বেশি। পরিমানের দিক কে আমদানিতে ৪.২৬ শতাংশ এবং প্রতি ইউনিট দামে ২.৩৭ শতাংশ বৃদ্ধি দেখা গেছে।

আমরা দেখেছি, ধীরে ধীরে শুল্কহার কমিয়ে আনা হলেও সবচেয়ে বড় শক্তি এসেছে আমাদের নিজেদের ভেতর থেকে। আমাদের উদ্যোক্তারা হাল ছাড়েননি, শ্রমিকরা গার্মেন্টস কারখানার মেশিনে দিনরাত পরিশ্রম করে গেছেন, আর সরকারও সময়োপযোগী নীতি দিয়ে পাশে দাঁড়িয়েছে। ফলে ২০২৫ সালের প্রথমার্ধে যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানির যে ২৫ শতাংশের বেশি প্রবৃদ্ধি ঘটল, তা কেবল অর্থনীতির সাফল্য নয় এটি জাতির আত্মবিশ্বাসের প্রতীক।

২০২৫ সালের প্রথমার্ধে যুক্তরাষ্ট্রে চীন থেকে পোশাক আমদানিতে বড় ধরনের নেতিবাচক প্রবৃদ্ধি দেখা গেছে এবং ১৬.০৭ শতাংশ হ্রাস পেয়েছে দেশটির রপ্তানি। এছাড়া, চীনের প্রতি ইউনিট রপ্তানি দামে ৩.৭৭ শতাংশ কমে গেছে এবং পরিমানে কমেছে ১২.৭৮ শতাংশ। এটি চীনের প্রতিযোগিতা শক্তিকে দুর্বল করে তুলেছে।

বাংলাদেশ শুধু মূল্য নয়, ইউনিট সংখ্যার দিক থেকেও চমৎকার অগ্রগতি দেখিয়েছে। ২০২৫ সালের জানুয়ারি-জুন সময়ে ইউনিট সংখ্যায় ২৩.৮১ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা রপ্তানির শক্তিশালী চাহিদার ইঙ্গিত দেয়। পাশাপাশি ইউনিট দামে ১.০৬ শতাংশ বৃদ্ধি দেশের রপ্তানিকারকদের প্রতিযোগিতামূলক প্রান্ত বজায় রাখার সক্ষমতাও তুলে ধরে।

অন্যদিকে, দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বেশ কয়েকটি দেশ যুক্তরাষ্ট্রের বাজারে রপ্তানি বৃদ্ধিতে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

ভারতের রপ্তানি বেড়েছে ১৬.২৬ শতাংশ, পরিমানে বেড়েছে ১৫.৯২ শতাংশ এবং দামে সামান্য ০.২৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। পাকিস্তানের রপ্তানি বেড়েছে ১১.২১ শতাংশ, অন্যদিকে পরিমানে ১৫.৭৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ইন্দোনেশিয়ার রপ্তানি বৃদ্ধি পেয়েছে ১৭.৯৫ শতাংশ। কম্বোডিয়া ২৪.২৮ শতাংশ রপ্তানি বৃদ্ধি ও ৩১.১১ শতাংশ পরিমানে বৃদ্ধির মাধ্যমে চমক দেখিয়েছে, যদিও প্রতি ইউনিট দামে ৫.২১ শতাংশ পতন ঘটেছে।ভিয়েতনামের রপ্তানি বৃদ্ধি পেয়েছে ১৭.৯৬ শতাংশ এবং ইউনিট সংখ্যায় ১৩.৮২ শতাংশ বৃদ্ধি, ইউনিট দামে ৩.৬৪ শতাংশ প্রবৃদ্ধি।

বাংলাদেশের উন্নতির পিছনে বেশ কিছু কারণ রয়েছে। যুক্তরাষ্ট্রে একক দেশের উপর নির্ভরতা কমানের যে উদ্যোগ টা একতা বড় ভুমিকা পালন করেছে। অন্নদিকে ভূরাজনৈতিক উত্তেজনা ও সরবরাহ চেইনে বৈচিত্র আনার চেষ্টার কারণে আমদানিকারকরা চীন থেকে মুখ ফিরিয়ে দক্ষিণ এশিয়ার দিকে ঝুঁকছে। তাছাড়া, বাংলাদেশ তুলনামূলকভাবে কম উৎপাদন খরচ ও দক্ষ শ্রমশক্তির কারণে বাংলাদেশ এখনও যুক্তরাষ্ট্রের বড় ব্র্যান্ডগুলোর কাছে আকর্ষণীয়।

চলমান ধারা অব্যাহত থাকলে ২০২৫ সালের পুরো বছর শেষে বাংলাদেশ যুক্তরাষ্ট্রের বাজারে আরও দৃঢ় অবস্থান নিতে পারবে। তবে, এ ক্ষেত্রে আমাদের কূটনৈতিক আলচনা অব্যাহত রাখতে হবে যাতে করে আমেরিকার সাথে আমাদের বাণিজ্য সম্পর্ক আর ভাল হয়।

যদিও বাংলাদেশে শ্রমিকদের মজুরি তুলনামূলকভাবে অনেক কম, যা তৈরি পোশাক উৎপাদনের খরচও কমিয়ে আনে। ফলে যুক্তরাষ্ট্রের আমদানিকারকরা প্রতিযোগিতামূলক মূল্যে পণ্য পায়। কিন্তু শুধু কম মজুরি দিয়ে আমরা ভাল করতে পারবনা এবং প্রবৃদ্ধি টেকসই করতে পারবনা।

যেহেতু বাংলাদেশ এখন বিশ্বের অন্যতম বৃহৎ তৈরি পোশাক উৎপাদনকারী দেশ এবং আমাদের দক্ষ শ্রমিক, অভিজ্ঞ উদ্যোক্তা এবং আধুনিক কারখানা অবকাঠামো রয়েছে, যা দ্রুত ও বড় পরিমাণে উৎপাদন সম্ভব করে তোলে। এটাকে কাজে লাগিয়ে বেসিক আইটেম নয়, দামি ডিজাইন ও ফ্যাশনেবল পণ্যও তৈরি করার প্রতি জোর দিতে হবে, যা মার্কিন বাজারে ক্রমবর্ধমান চাহিদা পূরণে সহায়ক হবে।

বাংলাদেশের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে পণ্য সরবরাহ করার ক্ষেত্রে। একটি নির্ভরযোগ্য পোশাক সরবরাহকারী দেশ হিসেবে আমরা পরিচিত। সময়মতো পণ্য ডেলিভারি এবং গুণগত মান বজায় রাখা মার্কিন ক্রেতাদের আস্থা অর্জনে সহায়ক হয়েছে। কিন্তু আমাদের আত্মতুষ্টিতে নিমজ্জিত না হয়ে, সামনে এগিয়ে যাবার জন্য আর উন্নত সরবরাহ ব্যাবস্থা গরে তুলতে হবে।

চীনের শ্রম খরচ বৃদ্ধি, ভূরাজনৈতিক চাপ ও মার্কিন-চীন বাণিজ্যযুদ্ধের কারণে অনেক মার্কিন ক্রেতা বিকল্প উৎস খুঁজছে। বাংলাদেশ সেই বিকল্প হিসেবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

চীনের বিনিয়োগ স্থানান্তর এবং মার্কিন ক্রেতাদের বাংলাদেশে পণ্য ক্রয়ের ঝোঁককে কাজে লাগাতে হলে, আমাদের এমন পণ্যের ওপর জোর দিতে হবে, যেগুলো যুক্তরাষ্ট্রের ক্রেতারা বর্তমানে চীন থেকে আমদানি করে থাকে। এই নির্দিষ্ট পণ্যগুলোর উৎপাদন ও রপ্তানির জন্য প্রস্তুতি নিতে পারলে বাংলাদেশ একটি বিকল্প সরবরাহকারী দেশ হিসেবে দ্রুত এগিয়ে যেতে পারবে।

অন্যদিকে, বাংলাদেশকে এমন একটি ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি করতে হবে, যেখানে যুক্তরাষ্ট্রের আমদানিকারক ও বিনিয়োগকারীরা কোনও প্রকার জটিলতা বা বাধা ছাড়াই ব্যবসা পরিচালনা করতে পারেন। সহজ ও স্বচ্ছ প্রক্রিয়া নিশ্চিত করলে বিদেশি বিনিয়োগে আস্থা তৈরি হবে।

এর পাশাপাশি, বাংলাদেশ সরকার ও বেসরকারি খাতের উচিত যুক্তরাষ্ট্র থেকে আরও বেশি খাদ্যশস্য ও তুলাআমদানি করা, কারণ এতে করে দ্বিপাক্ষিক বাণিজ্যে ভারসাম্য আসবে এবং বাণিজ্য ঘাটতি হ্রাস পাবে। এটি শুধু সম্পর্ক উন্নয়নেই নয়, বরং দীর্ঘমেয়াদে অর্থনৈতিক স্থিতিশীলতার দিকেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

বাংলাদেশ যদি তৈরি পোশাক খাত থেকে ১০০ বিলিয়ন মার্কিন ডলারের রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে চায়, তবে অবশ্যই যুক্তরাষ্ট্রের বাজারে বিশেষ গুরুত্ব দিতে হবে। কারণ, যুক্তরাষ্ট্র এককভাবে বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানি গন্তব্য, এবং দেশের মোট রপ্তানি আয়ের প্রায় ১৮ শতাংশই আসে যুক্তরাষ্ট্র থেকে।

এই বাজারে বাংলাদেশের অবস্থান আরও শক্তিশালী করতে হলে, দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও দৃঢ় করতে হবে এবং আলোচনার ক্ষেত্রে কৌশলগত অগ্রগতিআনতে হবে। শুধু রপ্তানি বাড়ানো নয়, বরং যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীদের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয় গন্তব্যে পরিণত করাও জরুরি।

আমার কাছে সবচেয়ে অনুপ্রেরণাদায়ী অংশটি হলো শুধু সংখ্যার হিসাব নয়, বরং এর পেছনের মানবিক গল্পগুলো। প্রতিটি মিলিয়ন ডলারের রপ্তানির সঙ্গে জড়িয়ে আছে লাখো শ্রমিকের ঘাম, আছে পরিবারের মুখে হাসি ফোটানোর সংগ্রাম, আছে দেশের অর্থনীতিকে টিকিয়ে রাখার এক অদম্য লড়াই।

বর্তমান তীব্র প্রতিযোগীতামূলক ব্যবসায় জগতে প্রতিযোগিতা ভয়ংকর। ভিয়েতনাম, চীন, কম্বোডিয়া সবাই লড়ছে একই জায়গায় জায়গা দখলের জন্য। তবু বাংলাদেশ দেখাচ্ছে, প্রতিকূলতা ঠেলে দিয়েও কিভাবে এগিয়ে যাওয়া যায়। এটা আমাদের জন্য শুধু গর্বের নয়, ভবিষ্যতের জন্য দিকনির্দেশনাও বটে।

আমি বিশ্বাস করি, পোশাক খাতের এই অর্জন আমাদের অর্থনীতির ভিত্তি আরও মজবুত করবে। তবে একই সঙ্গে আমাদের ভাবতে হবে, কিভাবে এই প্রবৃদ্ধিকে বহুমুখীকরণ করা যায় । প্রযুক্তি, বৈচিত্র আর টেকসই উৎপাদনের দিকে নজর দিয়ে। কারণ ভবিষ্যতের বৈশ্বিক বাজার শুধু সস্তা শ্রমের ওপর নির্ভর করবে না; সেখানে টিকে থাকতে হবে গুণগত মান, দক্ষতা আর টেকসই উন্নয়নের মাপকাঠিতে।

তৈরি পোশাক খাতে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের এই অদম্য অগ্রযাত্রা একবারে হঠাৎ আসেনি। এটি এসেছে দীর্ঘদিনের পরিশ্রম, অধ্যবসায় এবং আত্মত্যাগের ফসল হিসেবে। তাই এই সাফল্যকে আমরা শুধু অর্থনীতির পরিসংখ্যান দিয়ে মাপব না; এটি হবে আমাদের গর্ব, আমাদের আত্মবিশ্বাস এবং আমাদের ভবিষ্যৎ পথচলার প্রেরণা।

লেখক: সাংবাদিক ও কলামিস্ট, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
sahinhowladar@gmail.com



রোহিঙ্গা ঢলের আট বছর

সংকটের মধ্যেও প্রত্যাবাসনে মনোযোগী অন্তর্বর্তী সরকার

বাংলা পত্রিকা ডেস্কঃ মিয়ানমারের রাখাইন রাজ্যে নিপীড়নের শিকার হয়ে ২০১৭ সালের ২৫ আগস্ট এবং পরের কয়েক মাসে অন্তত ৮ লাখ রোহিঙ্গা পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। রোহিঙ্গাদের এই ঢলের আট বছর হলেও একজন রোহিঙ্গাকেও স্বদেশে প্রত্যাবাসন করা সম্ভব হয়নি।

এর ওপর গত দেড় বছর রাখাইনের নিয়ন্ত্রণ নিয়ে দেশটির সরকারি বাহিনীর সঙ্গে সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সংঘাতের জেরে নিরাপত্তা ও খাদ্যসংকটে পড়ে মংডু টাউনশিপ এবং আশপাশের অন্তত দেড় লাখ রোহিঙ্গা পালিয়ে বাংলাদেশে এসেছে। প্রায় প্রতিদিন বান্দরবানের নাইক্ষ্যংছড়ি এবং কক্সবাজারের উখিয়া ও টেকনাফ সীমান্তের কোনো না কোনো পথ দিয়ে রোহিঙ্গা অনুপ্রবেশ ঘটছে।

নতুন আসা ১ লাখ ২৪ হাজারের মতো রোহিঙ্গার বায়োমেট্রিক নিবন্ধন সম্পন্ন করা হয়েছে বলে জানিয়েছে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার (আরআরআরসি) কার্যালয়।

চলতি বছরের এপ্রিল মাসের শুরুতে নিবন্ধিত ৮ লাখ রোহিঙ্গার তথ্য যাচাই-বাছাই করে ১ লাখ ৮০ হাজার রোহিঙ্গাকে ফেরত নিতে সম্মতি জানায় জান্তা সরকার। জান্তা সরকারের সম্মতি থাকলেও আরাকান আর্মিই এখন প্রত্যাবাসনে বড় বাধা বলে জানান রোহিঙ্গা নেতারা। তাঁরা বলেছেন, রাখাইনের ৮৫ শতাংশ এলাকা এখন আরাকান আর্মি নিয়ন্ত্রণ করছে। তাদের সঙ্গে রোহিঙ্গাদের জাতিগত বিরোধ রয়েছে। ফলে তাদের সম্মতি ছাড়া রোহিঙ্গাদের রাখাইনে ফেরানো সম্ভব নয়।

২০১৭ সালের ২৫ আগস্টের পরে পরিবার নিয়ে *১০-এর পৃষ্ঠায় দেখুন*



জুলাই জাতীয় সনদ: দলগুলোর বিরোধ কাটছে না



বাংলা পত্রিকা ডেস্ক: জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন ঘিরে রাজনৈতিক দলগুলোর মধ্যে মতবিরোধ কাটছেই না। সংসদ নির্বাচনের আগে নাকি পরে সনদের বাস্তবায়নড়এ নিয়ে দলগুলোর মধ্যে বিভক্তি এখনো স্পষ্ট। জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ভোটের আগেই সনদের পরিপূর্ণ বাস্তবায়ন চায়। জামায়াতে ইসলামীর অবস্থানও সেটাই। অপর দিকে বিএনপিসহ সমমনাদের অবস্থান একেবারে ভিন্ন।

ঐকমত্য কমিশন সূত্রে জানা গেছে, জুলাই সনদের চূড়ান্ত খসড়া নিয়ে এরই মধ্যে অধিকাংশ রাজনৈতিক দলই মতামত জমা দিয়েছে। এখন সনদ বাস্তবায়নের পথরেখা চূড়ান্ত করতে চলতি সপ্তাহে রাজনৈতিক দলগুলোর সঙ্গে তৃতীয় ধাপের সংলাপ বসতে যাচ্ছে কমিশন।

নাম প্রকাশ না করার শর্তে কমিশন-সংশ্লিষ্ট একজন বলেন, 'শনিবার বৈঠক করার কথা থাকলেও অনিবার্য কারণে তা হয়নি। রোববার বিকেলে আমরা বিশেষজ্ঞ প্যানেলের সঙ্গে বসব। প্যানেলের পরামর্শ নিয়ে সনদ বাস্তবায়নের পথরেখা তৈরি করতে দলগুলোর সঙ্গে বৈঠক করব। চলতি সপ্তাহেই দলগুলোর সঙ্গে আমাদের বসার ইচ্ছা আছে।'

কমিশন সূত্রে জানা গেছে, এ পর্যন্ত ২৪টি রাজনৈতিক দল জুলাই সনদের বিষয়ে মতামত জমা দিয়েছে কমিশনে। এর মধ্যে অর্ধেকের বেশি দল নির্বাচনের আগেই সনদের আইনি ভিত্তি দাবি করেছে। বিএনপি ও দলটির সমমনা দলগুলোর চাওয়া নির্বাচিত সংসদ এসে সাংবিধানিক বিষয়গুলো নিষ্পত্তি করবে। একই সঙ্গে তারা এই সনদকে রাজনৈতিক সমঝোতার দলিল ছাড়া আর কিছু মনে করছে না। তাদের পরিষ্কার কথা, এমন কোনো দলিল সংবিধানের ঊর্ধ্বে স্থান পেতে পারে না।

জানা গেছে, সনদের বাস্তবায়ন নিয়ে মতপার্থক্যের পাশাপাশি এর স্বীকৃতি নিয়েও অবস্থান পরস্পরবিরোধী অবস্থান তৈরি হয়েছে রাজনৈতিক দলগুলোর মধ্যে। সনদকে সংবিধানের ওপর প্রাধান্য দেওয়ার বিষয়ে ঐকমত্য কমিশনের চূড়ান্ত খসড়ার সঙ্গে জামায়াতে ইসলামী একমত হলেও দ্বিমত পোষণ করেছে বিএনপি। বিএনপি বলেছে, জুলাই সনদকে সংবিধানের ওপরে স্থান দেওয়া হলে খারাপ নজির স্থাপিত হবে।

আবার জুলাই সনদ নিয়ে আদালতে প্রশ্ন না তোলার বিষয়ে কমিশন যে সুপারিশ করেছে, তার প্রতি সমর্থন রয়েছে জামায়াত ও এনসিপির। এ ক্ষেত্রেও আপত্তি রয়েছে বিএনপিসহ সমমনা দলগুলোর।

জামায়াতে ইসলামী ও এনসিপি নির্বাচনের আগে জুলাই সনদের আইনি ভিত্তি ও পূর্ণাঙ্গ বাস্তবায়নের দাবি তুলেছে। এ ক্ষেত্রে এনসিপির দাবি গণপরিষদ নির্বাচনের (গণভোট) মাধ্যমে সনদের সব বিধান, নীতি ও সিদ্ধান্ত সংবিধানে অন্তর্ভুক্ত করার। অবশ্য, গণভোটে সায় নেই জামায়াতের। তারা চায় অধ্যাদেশ জারি করে সংবিধান সংশোধন।

ঐকমত্য কমিশনে বিএনপি তার লিখিত মতামতে বলেছে, সংবিধান রাষ্ট্রের সর্বোচ্চ আইন। সংবিধানের ওপরে কোনো কিছুকে প্রাধান্য দেওয়া যায় না। জুলাই সনদ রাজনৈতিক সমঝোতার দলিল। সমঝোতার দলিল সংবিধানের ওপর প্রাধান্য পেতে পারে না। অবশ্য দলটি আশা প্রকাশ করেছে, জুলাই জাতীয় সনদ ঐকমত্যের ভিত্তিতে প্রণীত, স্বাক্ষরিত এবং বাস্তবায়ন হবে। দলটি মনে করে, সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে সনদ বাস্তবায়নের জন্য কোনো বৈধ, আইনি ও সাংবিধানিক প্রক্রিয়া খুঁজে বের করা যাবে।

- খসড়া নিয়ে কমিশনে মতামত দিয়েছে ২৪ দল
- সনদের আইনি ভিত্তি নিয়ে মতভেদ পরিষ্কার
- বাস্তবায়ন ভোটের আগে নাকি পরে, এ নিয়েও বিরোধ
- তৃতীয় দফায় সংলাপের প্রস্তুতি নিচ্ছে কমিশন

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ গণমাধ্যমকে বলেন, জুলাই হচ্ছে রাজনৈতিক সমঝোতা দলিল। কোনো সমঝোতা দলিলকে সংবিধানের ঊর্ধ্বে অবস্থান দেওয়া যায় না এমনটা করা হলে খারাপ নজির তৈরি হবে।

বাস্তবায়নের সময়কাল প্রশ্নে সালাউদ্দিনের বক্তব্য বলেন, 'আমরা বলেছি, অধ্যাদেশ বা বিধি জারি করে যেসগুলো সম্ভব সরকার চাইলে এখনই করতে পারে। তবে, সংবিধানের বিষয়টি নির্বাচিত সরকারের ওপর ছেড়ে দিতে হবে। কারণ অন্য কোনোভাবে সংবিধান সংশোধন করা উচিত হবে না।'

গত বৃহস্পতিবার সনদের খসড়ার বিষয়ে পর্যবেক্ষণ দেওয়ার পর শনিবার এ বিষয়ে পূর্ণাঙ্গ মতামত দিয়েছে জামায়াতে ইসলামী। দলটি জুলাই সনদের সব বিধান, নীতি ও সিদ্ধান্ত সংবিধানে যুক্ত করার বিষয়ে মতামত দিয়েছে। বিদ্যমান সংবিধান বা অন্য কোনো আইনে ভিন্নতর কিছু থাকলে সেই ক্ষেত্রে এই সনদের বিধান/প্রস্তাব/সুপারিশ প্রাধান্যের বিষয়েও কমিশনের সুপারিশেও একমত পোষণ করেছে। সনদের চূড়ান্ত মীমাংসার এখতিয়ার বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের ওপর ন্যস্ত থাকার পাশাপাশি আদালতে প্রশ্ন না তোলার বিষয়ে দলটি সমর্থন জানিয়েছে।

তবে, জামায়াতের পক্ষ থেকে বাস্তবায়নযোগ্য সুপারিশগুলো সুনির্দিষ্ট করতে মতামত দেওয়া হয়েছে। তারা জুলাই সনদের আইনি ভিত্তি দিতেও বলেছে। গণভোট সময় সাপেক্ষে হওয়ায় দলটি অধ্যাদেশের মাধ্যমে সংবিধান সংশোধনীর পক্ষে মত দিয়েছে। তারা জুলাই সনদের আইনি ভিত্তি দিয়ে সনদের অধীনে নির্বাচন অনুষ্ঠানের কথা বলেছে।

জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আজাদ বলেছেন, তাঁরা সনদের অঙ্গীকার অংশের সঙ্গে একমত পোষণ করেছেন। তবে তাৎক্ষণিকভাবে বাস্তবায়নযোগ্য সংস্কার বিষয়গুলো চিহ্নিত ও অঙ্গীকারনামায় একটি সময়সীমা উল্লেখ করার সুপারিশ করেছে।

সংবিধান-সংক্রান্ত সংস্কার প্রসঙ্গে প্রশ্নের জবাবে হামিদুর রহমান বলেন, তাঁদের দল গণভোটের বিরোধী। কারণ এ পদ্ধতি সময়সাপেক্ষ। তারা সংবিধান সংস্কারের জন্য অধ্যাদেশ জারির সুপারিশ করেছেন।

এনসিপি তাদের মতামতে কোনো প্রকার কালক্ষেপণ না করেই জুলাই সনদের সম্পূর্ণটাই *৮-এর পৃষ্ঠায় দেখুন*

বিশেষজ্ঞদের পরামর্শ

গণভোট বা বিশেষ আদেশে হতে পারে সনদ বাস্তবায়ন

বাংলা পত্রিকা ডেস্ক: জুলাই সনদের আইনি বাধ্যবাধকতা নিশ্চিত করতে গণভোট অথ বা বিশেষ সাংবিধানিক আদেশ (স্পেশাল কনস্টিটিউশনাল অর্ডার) গ্রহণের পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা। গণভোটের মাধ্যমে করতে চাইলে আগামী জাতীয় সংসদ নির্বাচনের সঙ্গে এই ভোটের আয়োজন করা যেতে পারে।

রাজধানীতে ফরেন সার্ভিস একাডেমিতে আজ রোববার জুলাই জাতীয় সনদের বাস্তবায়নের উপায় ও পদ্ধতি নিয়ে বিশেষজ্ঞদের মত নিতে আলোচনার আয়োজন করা হয়। জাতীয় ঐকমত্য কমিশনের এই আয়োজনে চার বিশেষজ্ঞের সঙ্গে অংশ নেন আইন উপদেষ্টা আসিফ নজরুল ও অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান।

বিশেষজ্ঞ প্যানেলে ছিলেন সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি এম এ মতিন, বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী, বাংলাদেশ সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ড. শরিফ ভূঁইয়া ও ব্যারিস্টার ইমরান সিদ্দিক। আলোচনায় কমিশনের পক্ষে উপস্থিত ছিলেন সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ, সদস্য সফর রাজ হোসেন, বিচারপতি মো. এমদাদুল হক, ড. বদিউল আলম মজুমদার, ড. ইফতেখারুজ্জামান ও ড. মো. আইয়ুব মিয়া। এ ছাড়া প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দারও উপস্থিত ছিলেন। বিকেল সাড়ে ৩টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত দুই ঘণ্টা আলোচনা হয়।

জুলাই সনদ বাস্তবায়নের বিষয়ে এর আগে ১০ আগস্ট বিশেষজ্ঞদের সঙ্গে বসেছিল কমিশন। সেখানে তাঁরা প্রাথমিকভাবে সুপ্রিম কোর্টের মতামত, গণভোট বা অধ্যাদেশ জারির মাধ্যমে জুলাই সনদ বাস্তবায়নের পরামর্শ দিয়েছিলেন।

কমিশন সূত্রে জানা গেছে, আইনি দিক বিবেচনা করে অধ্যাদেশের মাধ্যমে জুলাই সনদের বাস্তবায়নের চিন্তা থেকে সরে এসেছেন বিশেষজ্ঞরা। কারণ হিসেবে তাঁরা বলছেন, অধ্যাদেশের মাধ্যমে সংবিধান সংশোধনের বিষয়ে সংবিধানে নিষেধাজ্ঞা আছে।

বিদ্যমান রাজনৈতিক সীমাবদ্ধতার মধ্যে জুলাই সনদ বাস্তবায়নে দুটো কার্যকর পদ্ধতি আছে বলে বৈঠকে জানান বিশেষজ্ঞরা। সেগুলো হলোড়গণভোট বা বিশেষ সাংবিধানিক আদেশ জারি করা। বৈঠকে থাকা একজন বলেন, এগুলো নির্ভর করছে জাতীয় সংসদের ওপর। পরবর্তী সংসদ চাইলে তা বাতিল করে দিতে পারে কিংবা আদালতও চাইলে বাতিল করে দিতে পারে।

সে ক্ষেত্রে টেকসই সমাধান কী হতে পারে, এমন প্রশ্নের জবাবে বৈঠকে থাকা ওই ব্যক্তি বলেন, এ দুটো ছাড়া কোনো কিছুই তেমন টেকসই না। সে ক্ষেত্রে কিছু যুক্তি দাঁড় করানো যাবে। গণভোটের ক্ষেত্রে বলা যাবে, জনগণ যেটার পক্ষে ভোট দিয়েছে, সেটাকে ওপরে স্থান দিতে হবে। বিশেষ সাংবিধানিক আদেশের ক্ষেত্রে বলা যাবে, জুলাই গণ-অভ্যুত্থান এবং বিগত ১৫-১৬ বছরের আন্দোলনে মানুষের ত্যাগ, হাজার হাজার মানুষের রক্তের বিনিময়ে যে পরিবর্তন তাকে গুরুত্ব দিতে হবে। সে ক্ষেত্রে আদালতে যুক্তি দেওয়া যাবে।

- অধ্যাদেশ জারি করে সনদ বাস্তবায়নের প্রস্তাব থেকে সরে এসেছেন বিশেষজ্ঞরা।
- গণভোট চাইলে জাতীয় নির্বাচনের সঙ্গে হতে পারে।
- রাজনৈতিক মতৈক্য না হলে সব বিকল্পই দুর্বল।

বৈঠকে উপস্থিত আরেক বিশেষজ্ঞ বলেন, গণভোটে গেলে জুলাই সনদের বিষয়ে জনগণের ক্ষমতা প্রয়োগের বিষয় থাকবে। সে ক্ষেত্রে একটা চাপ থাকবে। শেষ পর্যন্ত গণভোট ও জাতীয় নির্বাচন একসঙ্গে হতে পারে। সে ক্ষেত্রে ব্যালটে নির্বাচনী প্রতীকের পাশাপাশি জুলাই সনদের বিষয়টি থাকতে পারে। সেই আলোচনা বৈঠকে হয়েছে। গণভোটে কিছু অনিশ্চয়তা আছে বলেও বৈঠকে আলোচনা হয়েছে। সে ক্ষেত্রে সেদিকে যাওয়া কতটুকু উত্তম হবে, সেটি নিয়েও কথা হয়েছে। শেষ পর্যন্ত চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

ওই বিশেষজ্ঞ আরও বলেন, রাজনৈতিক ঐকমত্য থাকলে আইন বা সংবিধান জুলাই সনদ বাস্তবায়নে কোনো বাধা হয়ে দাঁড়াবে না। যেটা একাদশ সংবিধান সংশোধনীর ক্ষেত্রে দেখা গিয়েছিল। ওই সংশোধনীর মাধ্যমে বিচারপতি সাহাবুদ্দীন আহমদ প্রথমে ভাইস প্রেসিডেন্ট এবং পরে ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হয়েছিলেন; যা পরে আদালতে চ্যালেঞ্জ করা হয়নি কখনো। রাজনৈতিক ঐকমত্য হওয়ায় তা হয়নি। এ ক্ষেত্রেও রাজনৈতিক দলগুলো একমত হলে সমাধান হয়ে যাবে।

কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজও জানিয়েছেন, জাতীয় সনদ বাস্তবায়নের উপায় হিসেবে গণভোটসহ বিভিন্ন পদ্ধতি নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে। তিনি বলেন, 'সেখানে গণভোট একটি বিকল্প ছিল। এ ছাড়া একাধিক বিকল্প নিয়ে আমরা বিবেচনা করছি।'

বৈঠকে বিশেষজ্ঞদের সঙ্গে আইন উপদেষ্টা ও অ্যাটর্নি জেনারেল থাকার বিষয়ে আলী রীয়াজ বলেন, জুলাই সনদ বাস্তবায়নে সরকার দ্রুততার সঙ্গে কী করতে পারে, সেগুলো বিবেচনা করা হয়েছে। যেসব বিষয়ে ঐকমত্য হয়েছে, তার কী কী বিষয় বাস্তবায়ন করা যায়, সেগুলো নিয়ে কথা হয়েছে। সেগুলোর বাস্তবায়নের পথ ও পদ্ধতি বিবেচনা করা হচ্ছে।

কমিশন সূত্রে জানা গেছে, বাস্তবায়নযোগ্য প্রস্তাব দ্রুততার সঙ্গে বাস্তবায়ন চাইছে কমিশন। সেটা সরকারকেই করতে হবে। আইন মন্ত্রণালয় সেগুলো চিহ্নিত করছে বলে কমিশনকে জানানো হয়েছে। সে জন্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে একজন পরামর্শক নিয়োগ করা হয়েছে বলে বৈঠকে জানানো হয়। রাজনৈতিক দলগুলোর সঙ্গে তৃতীয় ধাপের সংলাপের আগে জুলাই সনদ বাস্তবায়নের একাধিক বিকল্প পদ্ধতি ঠিক করতে চায় কমিশন। যেগুলো সামনে রেখেই সংলাপে আলোচনার মাধ্যমে সমাধানের আশা কমিশনের।

আইন মন্ত্রণালয় থেকে ১০ আগস্ট জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, মন্ত্রণালয়ের নেওয়া সংস্কার কার্যক্রম, বিশেষ করে বিচার বিভাগ সংস্কার কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়নের কাজে সহযোগিতার জন্য ব্যারিস্টার তানিম হোসেন শাওনকে বিশেষ পরামর্শক (অবৈতনিক) হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। যোগদানের তারিখ হতে ছয় মাস মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ থাকবে তাঁর। এদিকে তানিম হোসেন শাওন জাতীয় ঐকমত্য কমিশনের বিশেষজ্ঞ প্যানেলের সদস্য। তিনি ১০ আগস্ট অনুষ্ঠিত বৈঠকে ছিলেন। তবে রোববারের বৈঠকে তিনি উপস্থিত ছিলেন না বলে জানা গেছে।

উৎসব মুখর পরিবেশে সিলেট দক্ষিণ সুরমা এসোসিয়েশনের বার্ষিক বনভোজন

বাংলা পত্রিকা রিপোর্ট: উৎসব মুখর পরিবেশে এবং প্রবাসীদের ব্যাপক অংশ গ্রহণের মধ্যে দিয়ে নিউ জার্সির ওভারপ্যাক কাউন্টি পার্কে সিলেট দক্ষিণ সুরমা এসোসিয়েশন অব আমেরিকার বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়। ২৩ আগস্ট শনিবার মনোরম পরিবেশে অনুষ্ঠিত বিপুল সংখ্যায় অতিথিদের আগমনে নিউ জার্সির ওভারপ্যাক কাউন্টি পার্কটি দক্ষিণ সুরমা তথা এক খন্ড সিলেটে রুপ নেয়। বনভোজনে বিভিন্ন বয়সের শিশুদের ক্রীড়া প্রতিযোগিতা এবং মহিলাদের ঐতিহ্যবাহী বালিশ খেলা, চেয়ার খেলা সহ নানান ধরনের ক্রীড়া প্রতিযোগিতায় বনভোজন এলাকাটি উৎসবের রূপ ধারণ করে।

এছাড়া বিভিন্ন পরিবার ও তাদের আত্মীয়-স্বজনসহ বন্ধু-বান্ধবরা ছোট বড় গ্রুপে আড্ডায় অনেকেই সারাক্ষণ ব্যস্ত দিন কাটাতে দেখা যায়।

সকাল থেকে বিভিন্ন ধরনের নাস্তা, ঐতিহ্যবাহী বিভিন্ন সুস্বাদু পদের আইটেম দিয়ে দুপুরের মধ্যাহ্নের আয়োজন করার পাশাপাশি ড্রিংকস, চা, পান,সুপারি সহ হরেক রকম মিষ্টি দিয়ে অতিথিদের আপ্যায়ন করা হয়। শেষ বিকেলে আকর্ষণীয় রাফেল ড্রতে- ২ হাজার ডলার, দেড় হাজার ডলার, এক হাজার ডলারের প্রথম,দ্বিতীয় ও তৃতীয় পুরস্কারের পাশাপাশি আইপ্যাড, স্বর্ণের চেইন, টিভি, ল্যাপটপ, এয়ারকন্ডিশনার, বাইসাইকেল সহ ১৭টি আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানের দক্ষিণ সুরমা, বৃহত্তর সিলেটসহ প্রবাসী কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের পদচারণায় বনভোজনস্থল সারাদিন মুখরিত ছিল। বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে টাইম টিভির সিইও এবং বাংলা পত্রিকার সম্পাদক আবু তাহের, পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু উপস্থিত ছিলেন।

এছাড়া সিলেট দক্ষিণ সুরমা এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি আল-আমিনুল হক পান্না, সাধারণ সম্পাদক শামীম আহমদ,বনভোজন উদ্যাপন কমিটি আহ্বায়ক জামাল উদ্দিন, সদস্য সচিব হাফিজ মোহাম্মদ জুয়েল আহমদ বনভোজন সফল করার জন্য স্পন্সর সহ অতিথিদের ধন্যবাদ জানান।















রাজনীতিতে মনোনয়ন

৩-এর পৃষ্ঠায় পর আসনেই প্রাথমিক প্রার্থী বাছাই চূড়ান্ত করেছি। কিন্তু এটা অফিশিয়াল ডিক্লারেশন নয়। আসনটা দেওয়া হলেও এটা জামায়াতের অধীন। যে কোনো সময় যে কোনো প্রয়োজনে জামায়াত সিদ্ধান্ত দিলে যে কোনো প্রার্থীকে আসন ছেড়ে দিতে বলা হতে পারে।'

বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব জালালুদ্দিন বলেন, আসন্ন নির্বাচনে আমরা চেষ্টা করব সব দল ও মতকে ঐক্যবদ্ধ করে জোটবদ্ধ অংশ নেওয়ার। তবে সংস্কার এবং বিচারের কার্যক্রম দৃশ্যমান হওয়ার পরই নির্বাচন ব্যবস্থা করা জরুরি। এর জন্য যদি নির্বাচন আগামী বছরের এপ্রিলে হয় আমাদের আপত্তি নেই। ফেব্রুয়ারিতে হলেও আপত্তি থাকবে না। ইসলামী আন্দোলন বাংলাদেশের মুখপাত্র গাজী আতাউর রহমান বলেন, প্রার্থীকেন্দ্রিক প্রচারণা আমরা এখনো শুরু করিনি। যদিও আমাদের প্রার্থী প্রস্তুত রয়েছেন। এখনো অতীত বন্দোবস্ত রয়েছে। এর মধ্যে যদি নির্বাচন হয়ে যায়, তাহলে শুধু ক্ষমতার হাতবদল হবে। মৌলিক কোনো পরিবর্তন হবে না। আর জুলাই বিপ্লবের আকাঙ্ক্ষা পুরোটাই ব্যর্থ হবে। অতীতে যেসব রাজনৈতিক দল দেশ চালিয়েছে তাদের নিয়ে মানুষ হতাশ।

নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেন, নির্বাচন প্রস্তুতির কাজ আস্তে আস্তে শুরু হচ্ছে এবং কৌশল ঠিক করা হচ্ছে।

বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বলেন, রাজনৈতিক দলের সব সময়ই এক ধরনের নির্বাচনি প্রস্তুতি থাকে। জোটগতভাবে নাকি সমঝোতা করে নির্বাচনে অংশগ্রহণ করব, এ বিষয়ে বিএনপির সঙ্গে এখনো কোনো আনুষ্ঠানিক আলোচনা হয়নি, নির্বাচন এগিয়ে এলে আলোচনা হবে। জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) সাধারণ সম্পাদক শহীদ উদ্দিন মাহমুদ স্বপন বলেন, 'অনেক দিন ধরেই আমরা নির্বাচনের প্রস্তুতি নিচ্ছি। মনোনয়ন চূড়ান্ত হচ্ছে। খবর: বাংলাদেশ প্রতিদিন

জুলাই জাতীয় সনদ

৬-এর পৃষ্ঠায় পর নির্বাচনের আগেই বাস্তবায়নের কথা বলেছে। দলটি জুলাই সনদের আইনি ভিত্তি চেয়েছে। এনসিপি জুলাই সনদ বাস্তবায়নে গণপরিষদ গঠনের দাবি জানিয়েছে।

গত শনিবার এক সংবাদ সম্মেলনে জুলাই সনদ সঠিকভাবে বাস্তবায়নের তাগিদ দিয়ে এনসিপির সদস্যসচিব আখতার হোসেন বলেন, 'সনদের আইনি ভিত্তি না দেওয়া হলে, গণপরিষদ নির্বাচনের মাধ্যমে সংবিধানে অন্তর্ভুক্তির প্রস্তাবনা কমিশন না জানালে, সেটি দেশের মানুষের মুক্তির আকাঙ্ক্ষা ধারণ করতে ব্যর্থ হবে। ব্যর্থ কোনো সনদে এনসিপির স্বাক্ষর করা অর্থহীন।'

আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে কঠোর পুলিশ

৩-এর পৃষ্ঠায় পর আগের মামলা বাদ দিয়েও মাসে গড়ে ২৮৮। অথচ চলতি বছরের জানুয়ারি-জুনে গড় ছিল ২৫৬। বাড়ছে খুন। শুধু ঢাকা রেঞ্জেই ৯০৩টি মামলা। রাজধানীতেই ছয় মাসে ২১৭ খুন, এর বেশির ভাগ রাজনৈতিক কারণে। এক বছরে ডাকাতি-দস্যুতা মামলা ২ হাজার ৪৫৭। আগের বছরের চেয়ে ৮৩৮ বেশি। গড়ে মাসে ২০৫। সর্বাধিক মামলা ঢাকা রেঞ্জে ৫৮০, মহানগরে ৪৫২। মহাসড়কে রাতের পর রাত গণডাকাতি। কোথাও র‍্যাব পরিচয়ে বাস থামিয়ে প্রবাসীর মালামাল লুট, কোথাও গ্রামবাসী অস্ত্র ঠেকিয়ে সর্বস্ব খোয়াচ্ছে। আতঙ্কে বহু এলাকায় গ্রামবাসী রাত জেগে পাহারা দিচ্ছে। এদিকে সারা দেশে গত ২৪ ঘণ্টায় ১ হাজার ৮৮০ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ সদর দপ্তর।

অপরাধ বিশেষজ্ঞ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ড. তৌহিদুল হক বলেন, প্রত্যাশা এবং প্রাপ্তির মাঝে অনেক ফারাক। পুলিশের নিজস্ব পরিসংখ্যানই দেখাচ্ছে পরিস্থিতি খারাপের দিকে। যত দিন যাবে, নির্বাচনের আগে অপরাধ আরও বাড়বে। অতীত অভিজ্ঞতাও তাই বলে। নির্বাচন ঘিরে অশনি সংকেত স্পষ্ট। সরকারের সবচেয়ে বড় চ্যালেঞ্জ এখন অপরাধ দমন, আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ।

তিনি আরও বলেন, অপরাধীকে অন্য কোনো পরিচয়ে বিবেচনা করা হলে ভবিষ্যতে এর ভয়াবহ খেসারত দিতে হবে সরকারকে। জুলাই বিপ্লবের পর ভেঙে পড়া পুলিশের মনোবল এখনো পুরোপুরি পুনরুদ্ধার হয়নি। এখনো অভিযানে আতঙ্কে ভুগছে পুলিশ সদস্যরা। মাঝেমাঝেই ঘটছে পুলিশের ওপর হামলার ঘটনা। অপরাধীদের ধরতে গেলেই চলছে তদবির-রাজনৈতিক চাপ। বিপরীতে বেপরোয়া হচ্ছে অপরাধীরা। দোকান না দিলে দোকান দখল, হাসপাতাল না দিলে হামলা, মাছের খামারে বিষ দেওয়ার ঘটনাও ঘটছে। চট্টগ্রামের বাঁশখালীর বিশাল মাছ প্রকল্পও চলে গেছে চাঁদাবাজদের কবলে। চাঁদাবাজির প্রতিবাদে ময়মনসিংহে হাসপাতাল মালিকরা ও রাস্তায় নেমে প্রতিবাদ করছেন।

পুলিশের একাধিক ঊর্ধ্বতন কর্মকর্তা এ প্রতিবেদককে বলছেন, মাঝেমাঝেই তারা আইন প্রয়োগে বাধার মুখে পড়ছেন। বিভিন্ন সংস্থার সদস্যদের ভূমিকা অনেকটা গ্যালারিতে বসে খেলা দেখার মতোই।

জানা গেছে, রাজধানীর কারওয়ান বাজার, শাহবাগ, ধানমন্ডির ২৫ স্পট ছিনতাইকারীদের দখলে। রাজধানীতে সক্রিয় ছিনতাইকারী অন্তত ৯ শতাধিক। ৫ আগস্ট থেকে ডিসেম্বর পর্যন্ত ছিনতাইকারীদের হাতে নিহত সাতজন। সর্বশেষ কারওয়ান বাজারে ছিনতাইকারীর ছুরিকাঘাতে আহত হন বঙ্গভবন নিরাপত্তার অতিরিক্ত উপ-কমিশনার সুমন রেজা। এর আগেও শাহবাগ, ধানমন্ডি, পুরান ঢাকায় একের পর এক রক্তাক্ত ছিনতাই। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, ডাকাতি-ছিনতাইও থামছে না। জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত ডাকাতি মামলা হয়েছে ১,৩৬৩। এর মধ্যে মে মাসেই ২৪৪টি। মহাসড়কে কুমিল্লা, পাবনা, পঞ্চগড়ে গণডাকাতি। ঘরে ঢুকে খুন, রাস্তায় অস্ত্র ঠেকিয়ে লুট। এর বাইরে গত ৯ জুলাই মিটফোর্ডে ব্যবসায়ী সোহাগ ওরফে লাল চাঁদকে খুনের বীভৎস দৃশ্য এখনো ভুলতে পারছেন না অনেকেই। ৮ মে বাড্ডায় ঠিকাদার আনোয়ার হোসেন, পুলিশ প্লাজার সামনে টেলি সুমন হত্যাকাণ্ড এবং ১৫ মে একই এলাকায় বিএনপি নেতা কামরুল আহসান সাধনকে গুলি করে হত্যার ঘটনাও আইন শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিকতা নিয়ে প্রশ্ন তুলছে। অন্যদিকে সেনাবাহিনীর বরখাস্তকৃত মেজর সাদিক দম্পতির ছাত্রলীগের নেতা-কর্মীদের প্রশিক্ষণের বিষয়টি ভাবিয়ে তুলেছে সরকারের শীর্ষ মহলকে।

যদিও পুলিশ পরিদর্শক বাহারুল আলম দাবি করেছেন, নির্বাচন সামনে রেখে বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে। র‍্যাবের অতিরিক্ত মহাপরিচালক (অপস) কর্নেল ইফতেখার আহমেদ বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে র‍্যাবের প্রতিটি সদস্য তাদের সামর্থ্য অনুযায়ী সর্বোচ্চটা দিয়ে কাজ করছে। *খবর: বাংলাদেশ প্রতিদিন*

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রাণকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখায় যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতার সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class (Operate by JH office)
- Good For TLC, Insurance & Point Redaction. (Operate by JH office)

বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্টাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

এবার ৫৫ মিলিয়ন বিদেশীর বৈধ ভিসা পুনঃনিরীক্ষার ঘোষণা

প্রথম পৃষ্ঠার পর

বা সন্ত্রাসী সংগঠনের সহায়তা প্রদানসহ যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি লঙ্ঘনের তথ্য ধরা পড়লে ভিসা বাতিল করা হবে। এছাড়াও ভিসাধারীর সামাজিক যোগাযোগ মাধ্যম এবং তাদের দেশের আইনপ্রয়োগকারীর তথ্যও যাচাই করা হবে।

স্টেট ডিপার্টমেন্ট এর বক্তব্য, "আমরা সমস্ত তথ্য যাচাই করি, যার মধ্যে আইন প্রয়োগকারী সংস্থা ও অভিবাসন রেকর্ড এবং ভিসা প্রদানের পর উদ্ভূত নতুন তথ্যও অন্তর্ভুক্ত।"

এপি নিউজ জানায় ট্রাম্প প্রশাসন পূর্বে মূলত অবৈধ অভিবাসী এবং শিক্ষার্থী ও বিনিময় ভিসাধারীদের নিয়ন্ত্রণ বাড়াতে উদ্যোগ নিয়েছিল। তবে এবার এই যাচাই প্রক্রিয়া অন্য যেকোনো সময়ের তুলনায় অনেক বিস্তৃত। ভিসা আবেদনকারীদের ওপর নতুন সীমাবদ্ধতা আরোপ করা হয়েছে, যার মধ্যে রয়েছে সরাসরি সাক্ষাৎকারের বাধ্যতামূলক নিয়ম।

বিবৃতিতে বলা হয়েছে, "ট্রাম্প প্রশাসন যুক্তরাষ্ট্রের নিরাপত্তা ও জননিরাপত্তা রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। শপথ গ্রহণের পর থেকে এই সময়ে গত বছরের তুলনায় দ্বিগুণ ভিসা বাতিল করা হয়েছে, শিক্ষার্থীদের ভিসা প্রায় চারগুণ।" যুক্তরাষ্ট্রে দীর্ঘমেয়াদী পড়াশোনা বা কাজের জন্য আসা প্রায় সব বিদেশীর জন্য ভিসা আবশ্যক। একমাত্র স্বল্পমেয়াদি পর্যটক বা ব্যবসায়িক ভ্রমণে কিছু দেশ ভিসা ওয়েভার প্রোগ্রামের আওতায়, যা ৪০টি মূলত ইউরোপীয় ও এশিয়ার দেশকে তিন মাস পর্যন্ত ভিসা ছাড়াই থাকার সুযোগ দেয়। তবে চীন, ভারত, ইন্দোনেশিয়া, রাশিয়া এবং আফ্রিকার অধিকাংশ দেশ প্রোগ্রামের বাইরে। তাই তাদের নাগরিকদের ভিসা আবেদন ও অনুমোদন নিতে হয়।

ট্রাম্প প্রশাসন হোয়াইট হাউসে ফিরে আসার পর ৬,০০০-এর বেশি শিক্ষার্থী ভিসা বাতিল করেছে। এর মধ্যে সবচেয়ে বেশি ধরা পড়েছে আক্রমণ, মাদক বা অ্যালকোহল প্রভাবে গাড়ি চালানো এবং সন্ত্রাসের সঙ্গে জড়িত থাকা। প্রায় ৪,০০০ ভিসা আইন লঙ্ঘনের কারণে বাতিল করা হয়েছে, আর প্রায় ২০০/৩০০টি ভিসা সন্ত্রাস সম্পর্কিত কারণে বাতিল হয়েছে।

খড়গহস্ত ট্রাম্প: সিআইএ কর্মকর্তাদের নিরাপত্তা ছাড়পত্র বাতিল

প্রথম পৃষ্ঠার পর

ট্রাম্প। সম্প্রতি সিআইএ'র এক শীর্ষ কর্মকর্তা সহ মোট ৩৭ জন বর্তমান ও সাবেক কর্মকর্তার নিরাপত্তা ছাড়পত্র বাতিল করা হয়েছে। তাঁদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছেড় তাঁরা সংবিধানের প্রতি শপথ ভঙ্গ করেছেন।

গত ১৯ আগস্ট জাতীয় গোয়েন্দা পরিচালক তুলসী গ্যাবার্ড এই ছাড়পত্র বাতিলের ঘোষণা দেন। বাদ পড়াদের মধ্যে রয়েছেন সিআইএ কর্মকর্তা শেলবি পিয়ারসন এবং ভিন এনগুইয়েন, যাঁরা ২০১৬ সালের নির্বাচনে রাশিয়ার হস্তক্ষেপ নিয়ে করা এক প্রতিবেদনের সঙ্গে জড়িত ছিলেন। এ সিদ্ধান্তকে অনেকে ট্রাম্পের তথাকথিত 'ডিপ স্টেট' বা সমান্তরাল প্রশাসনের বিরুদ্ধে যুদ্ধের নতুন অধ্যায় বলে আখ্যা দিচ্ছেন।

এই বরখাস্তের ঘটনায় গোয়েন্দা মহলে দেখা দিয়েছে উদ্বেগ ও অনিশ্চয়তা। সাবেক সিআইএ কর্মকর্তা ল্যারি ফাইফার মন্তব্য করেছেন, নিরাপত্তা ছাড়পত্র হারানো মানে একজন কর্মকর্তার কর্মজীবনের কার্যত সমাপ্তি। অবসরের পর অনেকেই পরামর্শক বা বিশ্লেষক হিসেবে কাজ করতে এই ছাড়পত্রের ওপর নির্ভরশীল। এখন তাঁদের ভেতরে গভীর ভয়ের জন্ম হয়েছে। এক প্রাক্তন কর্মকর্তা বলেন, "সবাই চারপাশে তাকিয়ে ভাবছে, এবার বুঝি আমার পালা।"

ট্রাম্প প্রশাসন এর আগেও অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের লক্ষ্য করে নিরাপত্তা ছাড়পত্র বাতিল করেছে। তবে এবার প্রথমবারের মতো উচ্চপদে কর্মরত গোয়েন্দা কর্মকর্তারা সরাসরি টার্গেটে পড়লেন। এর ফলে গোয়েন্দা সম্প্রদায়ের মনোবল চূর্ণবিচূর্ণ হয়ে পড়েছে। অভ্যন্তরীণ সূত্র জানাচ্ছে, কর্মকর্তারা এখন বিতর্কিত বিষয়ে কাজ করতে ভয় পাচ্ছেন, এমনকি বিশ্লেষণ লিখতেও দ্বিধায় ভুগছেন।

এই পদক্ষেপ এসেছে এমন সময়ে, যখন ট্রাম্প প্রশাসন আরও আক্রমণাত্মক আইনি কৌশল ব্যবহার করে সমালোচকদের দমন করছে। সিআইএ পরিচালক জন র‍্যাটক্লিফ জুলাই মাসে ২০১৬ সালের রাশিয়া-সংক্রান্ত প্রতিবেদনের একটি অভ্যন্তরীণ পর্যালোচনা প্রকাশ করেন। একই মাসে তুলসী গ্যাবার্ড কংগ্রেসের হাউস ইন্টেলিজেন্স কমিটির পুরোনো একটি রিপোর্ট জনসমক্ষে নিয়ে আসেন, যদিও সিআইএ তাতে তীব্র আপত্তি জানিয়েছিল।

এদিকে বিচার বিভাগ সাবেক সিআইএ প্রধান জন ব্রেননের বিরুদ্ধে কংগ্রেসে মিথ্যা বলার অভিযোগে ফৌজদারি তদন্ত শুরু করার জন্য এফবিআইকে নির্দেশ দেয়। একই সঙ্গে সাবেক এফবিআই পরিচালক জেমস কোমির বিরুদ্ধেও তদন্ত শুরুর ঘোষণা আসে।

এসব ঘটনার ধারাবাহিকতায় গোয়েন্দা অঙ্গনে তৈরি হয়েছে অস্থিরতা ও অনিশ্চয়তার ঘনঘটা।

সিনেট ইন্টেলিজেন্স কমিটির জ্যেষ্ঠ ডেমোক্র্যাট মার্ক ওয়ার্নার প্রকাশ্যে ক্ষোভ উগরে দিয়ে বলেছেন, "আমি ভেবেছিলাম গ্যাবার্ড খারাপ, কিন্তু এতটা খারাপ হবে তা কল্পনাও করিনি।" তাঁর দাবি, রিপাবলিকান সহকর্মীরা ভয় পাচ্ছেন প্রকাশ্যে কিছু বলতে, তাই তাঁকেই কথা বলতে উৎসাহিত করছেন।

পরিস্থিতি এতটাই জটিল হয়ে উঠেছে যে বর্তমান সিআইএ পরিচালক বিল বার্নস, যিনি বাইডেন আমলে নিয়োগ পেয়েছেন, একটি খোলা চিঠি লিখে বরখাস্ত হওয়া কর্মকর্তাদের পাশে দাঁড়িয়েছেন। তিনি লিখেছেন, "যদি গোয়েন্দা বিশ্লেষকেরা দেখতেন আমাদের প্রতিদ্বন্দ্বীরা নিজেদের দেশে এভাবে আত্মঘাতী পদক্ষেপ নিচ্ছে, তাহলে আমরা আনন্দ করতাম। অথচ এখন ক্রেমলিন আর বেইজিংয়ের ক্ষমতাকেন্দ্রে শ্যাম্পেনের গ্লাস ঠোকাঠুকির শব্দ শোনা যাচ্ছে।"

ট্রাম্পের সাম্প্রতিক এই পদক্ষেপ গোয়েন্দা সংস্থার ভেতরে আস্থা ও স্বাধীনতা উভয়কেই চরমভাবে নাড়িয়ে দিয়েছে। অনেকের মতে, এটি শুধু ব্যক্তিগত প্রতিহিংসা নয়, বরং গোটা গোয়েন্দা ব্যবস্থাকে নিজের রাজনৈতিক এজেন্ডার সঙ্গে খাপ খাওয়ানোর এক ঝুঁকিপূর্ণ প্রচেষ্টা।

নিউইয়র্কে টুরিস্ট বাস খাদে পড়ে নিহত

প্রথম পৃষ্ঠার পর

নাগরিক। ভাষাগত জটিলতা দূর করতে ঘটনাস্থলে দোভাষী নিয়োগ করা হয়।

স্টেট পুলিশের বরাত দিয়ে সিএনএন জানায়, যাত্রীদের বয়স ১ থেকে ৭৪ বছরের মধ্যে হলেও কোনো শিশুর মৃত্যু হয়নি। তবে দুর্ঘটনায় গুরুতর আহতদের মধ্যে শিশু রয়েছে। প্রাথমিক তদন্তে ধারণা করা হচ্ছে, চালক হঠাৎ মনোযোগ হারিয়ে ফেলায় বাসটি নিয়ন্ত্রণ হারায় এবং অতিরিক্ত সংশোধন করতে গিয়ে রাস্তায় উল্টে যায়। বাসটি উচ্চগতিতে চলছিল এবং অন্য কোনো গাড়ির সঙ্গে সংঘর্ষ হয়নি। এতে বাসের বহু যাত্রী সিটবেল্ট না পরায় ছিটকে পড়েন। উদ্ধারকাজে হেলিকপ্টার, অ্যাম্বুলেন্স ও আইনশৃঙ্খলা বাহিনীর বিপুল সংখ্যক সদস্য অংশ নেয়।

আহতদের মধ্যে অন্তত ৩০ জনকে দুইটি স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। বাফেলোর ইরি কাউন্টি মেডিকেল সেন্টারে ২৪ জন রোগী পৌঁছায়, যাদের মধ্যে ২০ জনকে চিকিৎসাধীন রাখা হয়েছে।

হাসপাতালের জরুরি বিভাগের প্রধান ডা. জেনিফার পিউ বলেন, "আমরা খুব দ্রুত সব রোগীর চিকিৎসা শুরু করতে সক্ষম হয়েছি।" এছাড়া আরও ছয়জনকে হেলিকপ্টার ও অ্যাম্বুলেন্সে করে রচেস্টারের ইউনিভার্সিটি অব রচেস্টার মেডিকেল সেন্টারে নেওয়া হয়। এর মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক।

সাক্ষীদের বরাত দিয়ে পুলিশ জানায়, বাসটি প্রথমে মিডিয়ানে ঢুকে পড়ে, পরে দক্ষিণ লেনে গিয়ে উল্টে যায়। ঘটনাস্থল 'অত্যন্ত ঝুঁকিপূর্ণ ও ব্যস্ত সড়ক' হিসেবে বর্ণনা করে কর্মকর্তারা জানান, দুর্ঘটনার পর মহাসড়কে যান চলাচল কিছু সময়ের জন্য বন্ধ রাখতে হয়।

আইসকে সহযোগিতায় ১৯ স্টেটে সেনা মোতায়েন হচ্ছে!

প্রথম পৃষ্ঠার পর

দেব।"

শুক্রবার ফক্স নিউজের প্রতিবেদনে ১৯টি স্টেটে সেনা মোতায়েন সংক্রান্ত নথির বরাত দিয়ে বলা হয়েছে, আলাবামা, আরকানসাস, ফ্লোরিডা, জর্জিয়া, আইডাহো, ইন্ডিয়ানা, আইওয়া, লুইজিয়ানা, নেব্রাস্কা, নেভাডা, নিউ মেক্সিকো, ওহাইও, সাউথ ক্যারোলাইনা, সাউথ ডাকোটা, টেনেসি, টেক্সস, উটাহ, ভার্জিনিয়া এবং ওয়াইওমিংয়ে সেনা মোতায়েন করা হবে। চলতি আগস্ট থেকে নভেম্বরের মাঝামাঝি সময়ে এসব স্টেটে পর্যায়ক্রমে সেনা মোতায়েন করা হবে। এর মধ্যে টেক্সসে সবচেয়ে বেশি সেনা মোতায়েন করা হবে।

প্রতিরক্ষা বিভাগের এক কর্মকর্তা জানিয়েছেন, ন্যাশনাল গার্ডের উপস্থিতি শুধু সহায়তাই নয়, দৃশ্যমান শক্তি হিসেবেও কাজ করবে। সেনারা আইস-কে (ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট) সহায়তা করবে মূলত কাগজপত্র ব্যবস্থাপনা, পরিবহন, লজিস্টিকস এবং প্রশাসনিক কাজে। আটক অভিবাসীদের তথ্য সংগ্রহ, আঙুলের ছাপ, ডিএনএ নমুনা ও ছবি তোলার মতো কাজও করবে তারা।

ভার্জিনিয়া ন্যাশনাল গার্ড জানিয়েছে, তাদের প্রায় ৬০ সেনা ও বিমান সেনা ২৫ আগস্ট থেকে প্রশিক্ষণ নিয়ে সেপ্টেম্বরে দায়িত্বে নামবে। তবে তারা সরাসরি আইন প্রয়োগের কাজ করবে না, গ্রেফতারেও অংশ নেবে না। দায়িত্বের সময় তারা আইস এর অধীনে কাজ করলেও নিয়ন্ত্রণে থাকবে স্টেট গভর্নরের।

পোসে কমিটেটাস অ্যাক্ট (১৮৭৮) অনুযায়ী সেনাবাহিনীকে বেসামরিক আইন প্রয়োগে সীমিত রাখা হলেও, এ মোতায়েন হচ্ছে টাইটেল ৩২ আইনের আওতায় যেখানে সেই সীমাবদ্ধতা প্রযোজ্য নয়। প্রতিরক্ষা দপ্তরের অনুমোদন অনুযায়ী, আইস এর প্রশাসনিক কাজে অতিরিক্ত সেনা যোগ হয়েছে গত জুলাই থেকে।

অন্যদিকে ওয়াশিংটন ডিসিতে প্রায় ২ হাজার ন্যাশনাল গার্ড ইতিমধ্যে মোতায়েন রয়েছে। তারা শহরের বিভিন্ন চৌকি, স্মৃতিস্তম্ভ ও ট্রাফিক পয়েন্টে টহল দিচ্ছে। সেখানে মোতায়েনকৃত সেনারা অস্ত্র বহন করতে শুক্রবার পেন্টাগন থেকে নির্দেশ দেয়া হয়েছে। তবে স্টেটভিত্তিক মোতায়েনে এ সিদ্ধান্ত নেবে সংশ্লিষ্ট গভর্নর।

প্রেসিডেন্ট ট্রাম্প জানিয়েছেন, অভিযানের মূল লক্ষ্য হচ্ছে দীর্ঘমেয়াদে নিরাপত্তা নিশ্চিত করা। তিনি বলেন "আমরা যদি থাকি, তবে নিশ্চিত করব অপরাধীরা আর ফিরে না আসে। তাদের বের করে দিতে হবে।"

ওয়াশিংটন ডিসির এ বিশেষ মোতায়েনকে আগামী বছরের যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ২৫০ বছর পূর্তি উদযাপনের প্রস্তুতির অংশ হিসেবে বর্ণনা করা হলেও, ট্রাম্প ইঙ্গিত দিয়েছেন, সেনাদের সেখানে আরও দীর্ঘ সময় ধরে রাখার এবং পরবর্তীতে দেশের অন্য অংশেও একই অভিযান চালানোর পরিকল্পনা রয়েছে।

বাংলাদেশি ওয়েবসাইটে হামলার দাবি

প্রথম পৃষ্ঠার পর

মালয়েশিয়াতেও সাইবার হামলা চালানোর দাবি করেছে তারা।

খাত সংশ্লিষ্ট বিশ্লেষকেরা দাবি করেন, হ্যাকার গ্রুপগুলো বেশ কয়েকদিন ধরে এই সাইবার হামলার হুমকি দিচ্ছিল। তবে হামলা ঠেকাতে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। এর আগেও ভারতীয় হ্যাকার গ্রুপগুলো আগাম ঘোষণা দিয়ে ২০২৩ সালের ১৫ আগস্ট বাংলাদেশে সাইবার হামলা চালিয়েছিল।

হ্যাকার গ্রুপগুলোর টেলিগ্রাম চ্যানেলের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, 'সেভেন প্রাইড' নামের একটি হ্যাকার দল রাজস্ব বোর্ডে সাইবার হামলা চালিয়েছে। তবে এ রিপোর্ট লেখার সময় শুক্রবার রাতে এনবিআরের ওয়েবসাইট চালু দেখা গেছে। গ্রুপটি রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইটে হামলা করে তিন হাজারের বেশি শিক্ষার্থীর ডাটা হাতিয়ে নেওয়ার দাবি করেছে। তারা স্বাস্থ্য বিভাগের এনটিসিপি, বোয়ালখালি ইউনিয়ন পরিষদের সাইটেও হামলার দাবি করেছে।

এছাড়া 'নাইট হান্টার' নামে একটি গ্রুপ বেসরকারি খাতের কনফিডেন্স গ্রুপের ওয়েবসাইটে হামলার দাবি করেছে। কারণ হিসেবে তারা বলেছে, কনফিডেন্স গ্রুপ ভারতে সাইবার হামলার সঙ্গে জড়িত রয়েছে।

অপরদিকে 'ট্রোজান ১৩৩৭' নামে একটি গ্রুপ সাভার ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে হামলা করেছে। তারা লিখেছে 'স্বাধীনতা কেউ দেয় না এটা ছিনিয়ে নিতে হয়'। গ্রুপটি রোহিতপুর ইউনিয়ন ওয়েবসাইটও দখল করেছে। এছাড়া এই হ্যাকার দলটি দেশের ২২টি শিক্ষাপ্রতিষ্ঠানের ওয়েবসাইটে সাইবার হামলা চালিয়ে তথ্য হাতিয়ে নেওয়ার দাবি করেছে।

এদিকে ঢাকা ওয়াসার ওয়েব সাইটে হামলা করে তার তথ্য উপাত্ত নিয়ে দেড় মিনিটের একটি ভিডিও অপর একটি হ্যাকার গ্রুপের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

এ বিষয়ে সাইবার নিরাপত্তাবিষয়ক প্রশিক্ষক ও ডিকোডস ল্যাব লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) আরিফ মঈনুদ্দিন বলেন, 'সরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ন্যূনতম নিরাপত্তা ব্যবস্থা নেই। এ ছাড়া নিয়মিত দুর্বলতা মূল্যায়ন করা হয় না। তাই তাদের দুর্বলতা চিহ্নিত হয় না। ওয়েবসাইটগুলোও তৈরি করা হয় নামকাওয়াস্তে।'

তিনি বলেন, 'খরচ বাঁচাতে দক্ষ প্রোগ্রামারের বদলে নতুনদের দিয়ে কাজ করানো হয়। এতে সাইট অ্যাপ্লিকেশন দুর্বল হওয়ায় সহজে হ্যাক হয়। সরকারি ওয়েবসাইটের ক্ষেত্রে একই সাইট বারবার কপি করে নতুন সাইট তৈরি করা হচ্ছে। অনেক ওয়েবসাইট করা হয় ওয়ার্ডপ্রেসে। ওপেন সোর্স টুলস ব্যবহারের প্রবণতা বেশি। এসব কারণে সাইটগুলোর নিরাপত্তা ব্যবস্থা হয় বেশ নাজুক। এ ছাড়া একবার সাইট তৈরির পর নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং অ্যাপ্লিকেশন নিয়মিত আপডেট করা হয় না।'

সরকারি ওয়েবসাইটের বেশির ভাগেই নিরাপত্তার ন্যূনতম স্তর এসএসএল সনদ নেই। সাইবার নিরাপত্তা ঝুঁকির পেছনে পাইরেটেড সফটওয়্যার ব্যবহারকেও দায়ী করেন তিনি।

এ বিষয়ে প্রধান উপদেষ্টার ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি-বিষয়ক বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যবের হোয়াটসঅ্যাপে যোগাযোগ করা হলেও তিনি সাড়া দেননি।

অবৈধ অভিবাসী ধরপাকড়ে প্রস্তুত হচ্ছে আইস

প্রথম পৃষ্ঠার পর

আইস। এদিকে আইস ডিটেনশন সেন্টার সম্প্রসারণ করা হচ্ছে।

এপি নিউজের প্রতিবেদনে বলা হয়, বছরের পর বছর ধরে আইস কর্মীসংখ্যা প্রায় একই জায়গায় স্থির ছিল। কিন্তু এবার ট্রাম্প প্রশাসনের নীতি বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ নেওয়া হচ্ছে। কংগ্রেস সম্প্রতি যে বরাদ্দ অনুমোদন করেছে, তা আইস এর জন্য এক বিশাল বরাদ্দ ৭৬.৫ বিলিয়ন ডলার। সংস্থাটির বর্তমান বার্ষিক বাজেটের তুলনায় এটি প্রায় দশ গুণ বেশি। এর মধ্যে প্রায় ৩০ বিলিয়ন ডলার কেবল নতুন কর্মী নিয়োগে ব্যয় হবে। বর্তমানে ৬,৫০০ ডিপোর্টেশন অফিসার থাকলেও সংস্থার অস্থায়ী প্রধান টড লায়ন্সের ঘোষণা অনুযায়ী বছরের শেষ নাগাদ আরও ১০ হাজার অফিসার নিয়োগ দেওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে।

এই বিশাল নিয়োগ প্রক্রিয়া চালাতে ইতিমধ্যেই নতুন রিক্রুটিং ওয়েবসাইট চালু করা হয়েছে, ক্যারিয়ার এজপোতে আইস এর র উপস্থিতি বাড়ানো হয়েছে এবং সর্বোচ্চ ৫০ হাজার ডলার পর্যন্ত সাইনিং বোনাস ঘোষণা করা হয়েছে। এতে সাড়া পড়েছে ব্যাপকভাবে মাত্র কয়েক মাসে ১ লাখ ২১ হাজার আবেদন জমা পড়েছে, যার মধ্যে উল্লেখযোগ্য অংশই সাবেক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য। নতুন নিয়োগপ্রাপ্তরা প্রশিক্ষণ নিচ্ছে জর্জিয়ার ব্রান্সউইক শহরে অবস্থিত ফেডারেল ল' এনফোর্সমেন্ট ট্রেনিং সেন্টারে, যেখানে শুধু আইস নয়, বিভিন্ন ফেডারেল সংস্থার কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষক সংখ্যা দ্বিগুণ করার পরিকল্পনা চলছে এবং প্রশিক্ষণের সময় কমানোর জন্য নেয়া হয়েছে বিশেষ পদক্ষেপ।

এপির এ প্রতিবেদনে আরো বলা হয় আইস এর বর্তমান অভিযান কার্যক্রম নিয়ে সবচেয়ে বড় বিতর্ক হচ্ছে গ্রেফতার অভিযানে সহিংসতা ও বলপ্রয়োগ। সংস্থার হিসাব অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে আগস্টের শুরু পর্যন্ত তাদের কর্মকর্তাদের ওপর ১২১টি হামলা হয়েছে, যেখানে গত বছর একই সময়ে এ সংখ্যা ছিল মাত্র ১১। বিশেষ করে লস অ্যাঞ্জেলেসে সাম্প্রতিক অভিযানে সংঘর্ষের পর আইস নতুন নীতি নিয়েছে।

এখন থেকে নতুন অফিসারদের গ্যাস মাস্ক ও হেলমেট দেওয়া হবে এবং গ্রেফতার অভিযানে নিরাপত্তা টিম থাকবে। সংস্থার প্রধান লায়ন্স বলেছেন, "আমরা আর কাউকে আমাদের কর্মকর্তাদের দিকে পাথর ছোড়ার সুযোগ দেব না। মাঠে যারা গ্রেফতার করছে, তাদের সুরক্ষা দিতে আলাদা টিম থাকবে।"

এ ছাড়া ঝুঁকিপূর্ণ অভিযানের জন্য বিশেষ ব্যাকআপ টিম গড়ে তোলা হয়েছে। যারা সোয়াট দলের মতো প্রশিক্ষণপ্রাপ্ত। এসব কর্মকর্তারা সামরিক পোশাক, হেলমেট ও আধুনিক অস্ত্রে সজ্জিত এই দলগুলো উচ্চ ঝুঁকির পরোয়ানা বাস্তবায়ন করে এবং বিপজ্জনক আটককৃতদের বহিষ্কার কার্যক্রমে অংশ নেয়। বর্তমানে প্রায় ৪৫০ জন অফিসার বিশেষ এই প্রশিক্ষণ পেয়েছেন। লস অ্যাঞ্জেলেস, পোর্টল্যান্ড ও ওয়াশিংটনে তাদের ব্যবহার করা হয়েছে এবং ভবিষ্যতে এই টিম আরও সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে।

প্রশিক্ষণের আরেকটি গুরুত্বপূর্ণ অংশ হলো আইনগত সীমা ও অধিকার সম্পর্কে শিক্ষা। নতুন কর্মকর্তাদের অভিবাসন আইন ও যুক্তরাষ্ট্রের সংবিধানের চতুর্থ সংশোধনী নিয়ে পড়ানো হচ্ছে। প্রশাসনিক পরোয়ানা নিয়ে সাধারণত আইস অভিযান চালায়, তবে এটি দিয়ে কোনো বাড়িতে জোর করে প্রবেশের অধিকার নেই। বাসিন্দা যদি প্রবেশের অনুমতি না দেন, তবে অফিসারদের সেখান থেকে চলে যেতে হয়। গাড়ির ভেতর থেকে কাউকে আটক করার অধিকার আইসিই নিজেদের রয়েছে বলে মনে করে, তবে মোটরহোমের মতো ক্ষেত্রে তারা আইনজীবীদের পরামর্শ নেয়। এই বিষয়গুলো নিয়ে দীর্ঘদিন ধরেই সরকারের সঙ্গে অভিবাসন অধিকারকর্মীদের মতপার্থক্য রয়েছে।

প্রশিক্ষণ, আধুনিক সরঞ্জাম, বিশেষ টিম এবং আইনগত কৌশল সবকিছু মিলিয়ে আইস এখন এক নতুন রূপে এগোচ্ছে, যা অভিবাসীদের উদ্বেগকে আরও তীব্র করে তুলছে।

ষ্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৮৭ এর নির্বাচন

তিন বাংলাদেশী প্রার্থীর সমঝোতার বিষয়ে মতবিনিময়

বিশেষ প্রতিনিধি: আগামী ৪ নভেম্বর নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচন। ঐদিন মেয়র পদ ছাড়াও সিটির বিভিন্ন পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচন ঘিরে বাংলাদেশী-আমেরিকান কমিউনিটি সরব হয়ে উঠেছে। ইতিমধ্যেই বাংলাদেশী কমিউনিটির প্রার্থী হিসেবে ব্রুকলীনের সিটি কাউন্সিল সদস্য পদে শাহানা হানিফ ডেমোক্র্যাট দলীয় প্রাইমারী নির্বাচনে জয়ী হয়ে চুড়ান্ত প্রার্থী হয়েছেন। অপরদিকে নিউইয়র্ক সুপ্রীম কোর্টের জাজ হিসেবে কুইন্স কাউন্টির সিভিল কোর্টের জাজ সোমা সাঈদ প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এদিকে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৮৭ এর (ব্রঙ্কস) আসন্ন নির্বাচনে তিনজন বাংলাদেশী-আমেরিকান প্রার্থী হতে ইচ্ছুক হওয়ায় তাদের মধ্যে একজনকে মনোনীত করতে ব্রঙ্কসে এক উন্মুক্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উল্লেখিত আসনের সম্ভাব্য প্রার্থীত্রয় হচ্ছেন- জাকির চৌধুরী সিপিএ, ইমরান শাহ রন ও জামাল হোসেন।

ঐক্যবদ্ধ কমিউনিটি আর একক প্রার্থীর লক্ষ্যে গত ২৩ আগষ্ট ব্রঙ্কসের স্ট্রালিং বাংলাবাজারের মামুন টিউটিরিয়ালে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে দোয়া মুনাজাত করা হয়। রেজা আব্দুল্লাহর সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন সিরাজ উদ্দিন সোহাগ, জুনেদ চৌধুরী, মোহাম্মদ এন মজুমদার, রিয়াজ উদ্দিন কামরান, কপিল উদ্দিন চৌধুরী, জাকির এইচ চৌধুরী, আব্দুল মুহিত, মাহবুব আলম, আলমাস আলী, মাসুদ হোসেন, সারওয়ার চৌধুরী, বিলাল উদ্দিন প্রমুখ।

সভায় শেখ শফিকুর রহমান, খলিলুর রহমান, শাহীন কামালী, হেদায়েত চৌধুরী সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন ।

সভায় আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেয়া হয় যে, তিনজন প্রার্থী থেকে একজন প্রার্থীকে মূল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মনোনীত করা হবে। এজন্য সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে ২১ সদস্য বিশিষ্ট একটি প্রার্থী মনোনয়ন কমিটি গঠিত হয়েছে। কমিটি সকল প্রক্রিয়া সম্পন্ন করে নির্বাচনের জন্য উপযুক্ত প্রার্থীকে মনোনীত করবেন।

সভায় বলা হয়, বর্তমানে নিউইয়র্ক সিটির বিভিন্ন বুরোর মতো ব্রঙ্কস বরোতেও বাংলাদেশী কমিউনিটিতে ভোটার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কমিউনিটির স্বার্থ সংশ্লিষ্ট সকল বিষয়ে মূলধারায় তুলে ধরার জন্য বর্তমানে একজন অ্যাসেম্বলি মেম্বার অতীব গুরুত্বপূর্ণ বলে মনে করছেন ব্রঙ্কসবাসী। তাই যোগ্য ব্যক্তিকে বাছাই করাই বাংলাদেশী কমিউনিটির জন্য বড় চ্যালেঞ্জ বলেও মনে করছেন অনেকে।

সম্পর্কে নতুন মোড় বনাম অমীমাংসিত ইস্যু

৪-এর পৃষ্ঠায় পর

তাগিদ দেওয়া হয়েছিল পাকিস্তানকে। একাত্তরে গণহত্যার জন্য আনুষ্ঠানিক ক্ষমা প্রার্থনা এবং প্রায় সাড়ে চার বিলিয়ন ডলার পাওনা পরিশোধের বিষয়টি তখন আলোচনায় তোলা হয়েছিল। তখনকার পররাষ্ট্রসচিব জসীম উদ্দিন সেদিন বলেছিলেন, পাকিস্তানের সঙ্গে বিদ্যমান অমীমাংসিত বিষয়গুলো তিনি বৈঠকে তুলেছেন। যেমন আটকে পড়া পাকিস্তানিদের প্রত্যাবাসন, অবিভাজিত সম্পদে বাংলাদেশের ন্যায্য হিস্যা প্রদান, ১৯৭০ সালের ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্তদের জন্য প্রেরিত বিদেশি সাহায্যের অর্থ হস্তান্তর এবং ১৯৭১ সালে পাকিস্তানের তৎকালীন সশস্ত্র বাহিনী কর্তৃক সংঘটিত গণহত্যার জন্য আনুষ্ঠানিকভাবে ক্ষমা চাওয়া।

২০০০ সালে পাকিস্তানের তখনকার প্রেসিডেন্ট জেনারেল পারভেজ মোশাররফ বাংলাদেশে এসে প্রকাশ্যে ও খোলামনে ক্ষমা চাওয়ার বিষয়টি সমাধান করেছেন বলে যে দাবি ইসহাক দারের, সেটির কোনো সত্যতা নেই। প্রকৃতপক্ষে ২০০২ সালের ৩১ জুলাই পারভেজ মোশাররফ বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধ পরিদর্শনের সময় দর্শনার্থী বইয়ে লিখেছিলেন, '১৯৭১ সালের ঘটনাগুলোর বেদনায় পাকিস্তানের আপনার ভাই ও বোনেরা সমব্যথী। সেই দুর্ভাগ্যজনক সময়ের বাড়াবাড়ির জন্য আমরা দুঃখিত।' দুঃখ প্রকাশ আর ক্ষমা প্রার্থনা কি এক জিনিস! অর্ধ শতক পরও পাকিস্তান গণহত্যা ও ৩০ লাখ মানুষ হত্যার বিষয়টি স্বীকারই করেনি, রাষ্ট্রীয়ভাবে ক্ষমাও চায়নি।

পারভেজ মোশাররফ বাংলাদেশে এসে একাত্তরের 'বাড়াবাড়ির জন্য' সাধারণভাবে 'দুঃখপ্রকাশ' করেছিলেন কেবল।

বাংলাদেশের ইতিহাসে ১৯৭১ সালের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধ ও পাকিস্তানি বাহিনীর বর্বর গণহত্যা এখনো বেদনাদায়ক বাস্তবতা। সম্প্রতি দেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বিএনপি এই বাস্তবতা নিয়ে প্রকাশ্যে কথা বলছে। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকে ভুলিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে বলেও সম্প্রতি অভিযোগ করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অন্যদিকে পাকিস্তানের সংবাদমাধ্যম এখনো বাংলাদেশকে 'পূর্ব পাকিস্তান' বানানোর স্বপ্নে বিভোর। পাকিস্তানের রাজধানী ইসলামাবাদ থেকে প্রকাশিত শীর্ষস্থানীয় ইংরেজি সংবাদপত্র দ্য ক্যাচলাইন ১৬ আগস্ট এক নিবন্ধে বলেছে, ৫৪ বছর পর হিসাব-নিকাশের সময় এসেছে। 'পূর্ব পাকিস্তান'কে ফিরে আসতে হবে। এর চার দিনের মাথায় পত্রিকাটি আরেকটি নিবন্ধ প্রকাশ করে 'পাকিস্তান অ্যান্ড বাংলাদেশ: ইমাজিনিং অ্যা লস্ট ইউনিয়ন' শিরোনামে।

একটি কথা না বললেই নয়, অমীমাংসিত ইস্যুগুলোর সুষ্ঠু সমাধান না করে পাকিস্তানের সঙ্গে সম্পর্কোন্নয়নের যেকোনো পদক্ষেপ হবে বাংলাদেশের জাতীয় চেতনাকে উপেক্ষা করার শামিল। পাকিস্তান যত দিন একাত্তরের গণহত্যার দায় স্বীকার না করবে, তত দিন দেশটির সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ানোর উদ্যোগ মুক্তিযুদ্ধে শহীদদের আত্মত্যাগের প্রতি অবমাননারও শামিল।

লেখক: সাংবাদিক ও গবেষক

সংকটের মধ্যেও প্রত্যাবাসনে মনোযোগী অন্তর্বর্তী সরকার

৫-এর পৃষ্ঠায় পর

পালিয়ে এসেছিলেন আবুল কাসেম (৫০)। তিনি উখিয়ার বালুখালী ১৭ নম্বর ক্যাম্পের একটি ব্লকের মাঝির দায়িত্বে আছেন। আবুল কাসেম বলেন, 'রাখাইনে প্রত্যাবাসনের পরিবেশ সৃষ্টি হয়নি। সেখানে আরাকান আর্মি হত্যা ও নির্যাতন চালাচ্ছে। যারা সেখানে আছে তারাও পালিয়ে আসছে।' এই রোহিঙ্গা নেতা বলেন, 'বাংলাদেশ সরকার আমাদের মানবিক কারণে আশ্রয় দিয়েছে। এখানেও তো আমরা বন্দীজীবন কাটাচ্ছি।' দীর্ঘদিন দেশে ফিরতে না পেরে তাঁদের সন্তানেরাও হতাশ বলে জানান উখিয়ার বালুখালী আশ্রয় শিবিরের আরেক মাঝি নুর মোহাম্মদ। তিনি বলেন, 'আমাদের সন্তানেরা ক্যাম্পে বড় হচ্ছে। শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ সীমিত। ফলে অনেকে অপরাধে জড়িয়ে পড়ছে। এই প্রজন্মকে বাঁচাতে হলে আমাদের নিজভূমিতে ফিরিয়ে নিতে হবে।' রাখাইনে নিরাপত্তা নিশ্চিত না করলে প্রত্যাবাসন সম্ভব নয় মন্তব্য করে এই রোহিঙ্গা নেতা বলেন, 'আমরা সম্মানের সঙ্গে নাগরিকত্ব চাই।'

উখিয়ার লম্বাশিয়া ক্যাম্পের মাঝি ছৈয়দ কাসেম বলেন, 'আট বছর ধরে আমরা শুধু আশ্বাস শুনে যাচ্ছি। প্রত্যাবাসন প্রক্রিয়া শুরুই করা যায়নি। এই দীর্ঘ সময়ে আমাদের সমস্যা আরও জটিল হয়েছে। স্থানীয়দের সঙ্গে সম্পর্কে টানাপোড়েন, অপরাধ ও হতাশা বেড়েছে। তাই আর দেরি না করে আন্তর্জাতিক সম্প্রদায়কে দ্রুত সমাধানের উদ্যোগ নিতে হবে।'

সংকটের মধ্যেও প্রত্যাবাসনে মনোযোগ অন্তর্বর্তী সরকারের ২০২৩ সালের নভেম্বরে মিয়ানমারের জান্তা সরকারের সঙ্গে আরাকান আর্মির যুদ্ধবিরতি চুক্তি ভেঙে যাওয়ার পর রাখাইনের রোহিঙ্গা-অধ্যুষিত টাউনশিপগুলোয় হামলা শুরু হয়। হামলার মুখে আবারও রোহিঙ্গারা পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিচ্ছে। এর মধ্যে যুদ্ধ পরিস্থিতির অবনতি হওয়ায় প্রায় ৫০ হাজার রোহিঙ্গা বাংলাদেশ সীমান্তসংলগ্ন এলাকায় অবস্থান নিয়েছে। আশঙ্কা করা হচ্ছে, যেকোনো সময় তারা সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে প্রবেশ করতে পারে। ১৭ আগস্ট ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত রোহিঙ্গাবিষয়ক জাতীয় টাস্কফোর্সের (এনটিএফ) এক সভায় বিষয়টি জানানো হয়।

আরাকান রোহিঙ্গা সোসাইটি ফর পিচ অ্যান্ড হিউম্যান রাইটসের চেয়ারম্যান মো. জুবায়ের বলেন, আরাকান আর্মি জাতিগত নিধন চালাচ্ছে। রাখাইনে এখনো ৩ লাখের মতো রোহিঙ্গা আছে। তারা চরম খাদ্য ও নিরাপত্তাসংকটে পড়েছে। নির্যাতনের ভয়ে তারা বাড়ি থেকে বের হতে পারছে না।

কক্সবাজার রোহিঙ্গা প্রতিরোধ কমিটির সভাপতি মাহবুবুর রহমান বলেন, রোহিঙ্গা-সংকট দিন দিন প্রকট হচ্ছে। তারা মাদক ও মানব পাচার, অপহরণ, হত্যাসহ নানা অপরাধে জড়িয়ে পড়েছে। এ অবস্থার পরিবর্তনে প্রত্যাবাসনের বিকল্প নেই।

গত ১৪ মার্চ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসকে নিয়ে রোহিঙ্গা আশ্রয় শিবির পরিদর্শন করেছিলেন। ওই দিন প্রায় ১ লাখ রোহিঙ্গার সঙ্গে তাঁরা ইফতারে অংশ নিয়েছিলেন। তাঁদের ওই সফরের পর রোহিঙ্গাদের স্বদেশে ফেরার বিষয়টি নানা পর্যায়ে আলোচনায় এসেছে।

কক্সবাজার শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার এবং অতিরিক্ত সচিব মোহাম্মদ মিজানুর রহমান আজকের পত্রিকাকে বলেন, রোহিঙ্গাদের টেকসই প্রত্যাবাসন ও সহায়তা নিশ্চিত করতে বর্তমান সরকার আন্তর্জাতিক মহলে মনোযোগ বাড়াতে নানা উদ্যোগ নিয়েছে। কক্সবাজারে তিন দিনের আন্তর্জাতিক সম্মেলন তারই একটি অংশ। তিনি বলেন, রোহিঙ্গা-সংকটের শুরুতে যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন দেশ ও দাতাগোষ্ঠী রোহিঙ্গাদের সহায়তায় এগিয়ে এলেও বৈশ্বিক নানা সমস্যার কারণে মনোযোগ হারিয়েছে। এখন সরকার মনোযোগ বাড়াতে উদ্যোগ নিয়েছে।

এদিকে রোহিঙ্গা ঢলের আট বছর পূর্তিতে আজ উখিয়া ও টেকনাফের রোহিঙ্গা আশ্রয় শিবিরে সমাবেশের আয়োজন করা হয়েছে। নতুন ও পুরোনো মিলিয়ে কক্সবাজারের উখিয়া ও টেকনাফের ৩৩টি রোহিঙ্গা আশ্রয় শিবির এবং নোয়াখালীর ভাসানচরে অন্তত ১৪ লাখ রোহিঙ্গা গাদাগাদি করে বসবাস করছে।

ট্রাম্প কন্যা

২-এর পৃষ্ঠায় পর

অস্বাভাবিকভাবে আর্থিক সুবিধা পেতে থাকে। ইয়ট প্রতারণা, বিয়ের দাওয়াত বিক্রি থেকে শুরু করে সৌদি ধনকুবেরের সঙ্গে গোপন চুক্তিভ্রসব ক্ষেত্রেই টিফানির সঙ্গে সম্পর্ক আর ট্রাম্প পরিবারের ছায়াই ছিল তাদের প্রধান হাতিয়ার।

তবু বুলোসপক্ষ সব অভিযোগ অস্বীকার করেছে। তাদের দাবি, যেসব অর্থ লেনদেন হয়েছে তা ছিল ব্যবসায়িক চুক্তি বা ঋণ নিষ্পত্তির অংশ, ট্রাম্প পরিবারের প্রভাব খাটানোর জন্য নয়।

কিন্তু অনুসন্ধানের চিত্র ভিন্ন কথা বলে টিফানি ট্রাম্পকে বিয়ের মধ্য দিয়েই এক ব্যবসায়ী পরিবার কীভাবে আমেরিকার ক্ষমতার কেন্দ্রের কাছাকাছি পৌঁছে যায়, আর সেখান থেকে নিজেদের ভাগ্য গড়তে শুরু করে, সেটিই আজ এক বড় রাজনৈতিক ও সামাজিক আলোচনার বিষয় হয়ে উঠেছে।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

লক্ষ্য করি বিব্রত হন হোটেল-রেস্তোরার মালিক-স্টাফরাও। তবে গেলো সপ্তাহে সহকর্মীদের আড্ডায় যারা ছিলেন- তাদের অনেকের মধ্যেই একটি প্রশ্ন লক্ষ্য করলাম। আর তা হলো চলতি সামার মওসুমে নিউইয়র্কে অনুষ্ঠানের শেষ নেই। অনুষ্ঠানগুলোতে লোকেরও অভাব হয় না। বন্ধুদের প্রশ্ন কমিউনিটির লোকগুলো এতো সময় পায় কোথায়? আমরা তো সময়ের সাথে দৌড়াই, অনেক সময় ফ্যামিলিকেও তো সময় দিতে পারি না। আবার শুনি 'আমেরিকান লাইফ, টাইম ইস মানি'। আমরা যারা আড্ডায় ছিলাম তারা হিসাব মিলাতে পারলাম না।

১০ আগষ্ট ২০২৫

যুক্তরাষ্ট্র ছেড়েছে ১৬ লাখ অবৈধ

প্রথম পৃষ্ঠার পর

হয়ে ১৬ লাখের বিশাল সংখ্যাটি দেখাচ্ছে। এর পেছনে হয়তো কোন লক্ষ্য আছে।

স্টেট ডিপার্টমেন্ট ইউএসসিআইএস'র তথ্য থেকে এ সংখ্যা জানিয়েছে। তবে সেই তথ্য কীভাবে সংগ্রহ বা বিশ্লেষণ করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা মেলেনি। তাদের প্রতিবেদনে একটি চার্ট অন্তর্ভুক্ত করা হয়েছে অভিবাসন নিয়ন্ত্রণপন্থী গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর ইমিগ্রেশন স্টাডিজ এর একটি বিশ্লেষণ থেকে।

অন্যদিকে, পিউ রিসার্চ সেন্টার নতুন এক সমীক্ষায় জানিয়েছে, ২০২৩ সালে যুক্তরাষ্ট্রে বসবাসরত অবৈধ অভিবাসীর সংখ্যা ছিল প্রায় ১ কোটি ৪০ লাখ। ২০২১ থেকে ২০২৩ সালের মধ্যে এই সংখ্যা বেড়েছে প্রায় ৩৫ লাখ, মূলত বাইডেন প্রশাসনের সময় নতুন অভিবাসন প্রবাহের কারণে। পিউ-এর বিশ্লেষণে বলা হয়, ২০০৯ সালে ওবামা প্রশাসনের শুরু থেকে প্রথম ট্রাম্প মেয়াদের শেষ পর্যন্ত এই সংখ্যা কমেছিল প্রায় ১১ লাখ।

গবেষকরা বলছেন, ২০২৫ সালের বর্তমান পরিস্থিতি সম্পর্কে নিশ্চিত কিছু বলার মতো পর্যাপ্ত তথ্য এখনও নেই। পিউ-এর প্রতিবেদনের প্রধান গবেষক জেফ্রি প্যাসেল জানান, "২০২৫ সালের শুরু থেকে কিছুটা পতনের ইঙ্গিত মিলছে, তবে জরিপে সাড়া না দেওয়ার হার বেড়ে যাওয়ায় অনুমানগুলো সঠিকভাবে ব্যাখ্যা করা কঠিন হয়ে পড়ছে।"

এখন পর্যন্ত যে তথ্য ব্যবহার করা হচ্ছে, তার বড় অংশ এসেছে কারেন্ট পপুলেশন সার্ভে (ঈচঝ) থেকে। কিন্তু এ জরিপে মাত্র ৬০ হাজার পরিবারকে অন্তর্ভুক্ত করা হয় যা পিউ-এর ব্যবহৃত আমেরিকান কমিউনিটি সার্ভে (অঈঝ)-এর তুলনায় অনেক ছোট নমুনা। ফলে অভিবাসনসংক্রান্ত অনুমানগুলোতে বড় ধরনের ত্রুটি থেকে যায়।

চলতি বছরের জানুয়ারিতে দায়িত্ব নেওয়ার পর থেকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ব্যাপকভাবে অভিবাসননবিরোধী অভিযান চালাচ্ছেন। এতে বৈধ অবস্থানকারীদের পাশাপাশি অবৈধ অভিবাসীরাও নজরদারিতে রয়েছেন।

সরকার শুরুতে বলেছিল, কেবল বিপজ্জনক অপরাধীদের লক্ষ্য করা হবে। তবে বর্তমানে প্রতিদিন হাজার হাজার মানুষকে আটক করা হচ্ছে। নিউইয়র্ক টাইমসের হিসাব অনুযায়ী, শুধু ২০২৫ সালেই সরকার প্রায় চার লাখ মানুষকে দেশ থেকে বিতাড়িত করার পথে রয়েছে।

কর্তৃপক্ষ কর্মরত অভিবাসীদের বিরুদ্ধে নজিরবিহীন অভিযান চালিয়েছে। রেস্তোরাঁ, নির্মাণ প্রকল্প ও খামারে যেমন হানা দেওয়া হয়েছে, তেমনি আদালত প্রাঙ্গণ থেকেও আটক করা হয়েছে অভিবাসীদের, যেখানে তাঁরা বৈধকরণ প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় সিভিল অ্যাপয়েন্টমেন্টে হাজির হয়েছিলেন।

সরকার মানবিক প্যারোল ও টেম্পোরারি প্রটেক্টেড স্ট্যাটাস (টিপিএস) কার্যক্রমও সীমিত করার উদ্যোগ নিয়েছে। এসব ব্যবস্থার আওতায় প্রতিকূল পরিস্থিতির শিকার হওয়া বিভিন্ন দেশের কয়েক লাখ মানুষ যুক্তরাষ্ট্রে বসবাস ও কাজ করার অধিকার পেয়েছিলেন।

গবেষকরা সাধারণত বৈধ অভিবাসীর সংখ্যা বাদ দিয়ে অবৈধ অভিবাসীর সংখ্যা অনুমান করেন। কিন্তু ছোট নমুনা ও সাড়া না দেওয়ার হার বেড়ে যাওয়ায় এই পদ্ধতি অনেক সময় বাস্তব পরিস্থিতি প্রতিফলিত করে না।

যুক্তরাষ্ট্রে অবৈধ অভিবাসীর সংখ্যা সত্যিই ১৬ লাখ কমেছে কিনা তা এখনো নিশ্চিত নয়। সরকারের পক্ষ থেকে যেভাবে দাবি করা হচ্ছে, তা নিয়ে গবেষকদের মধ্যে গভীর সংশয় রয়েছে। তাদের মতে, নির্ভরযোগ্যভাবে বলা যাবে কেবল তখনই, যখন ২০২৫ সালের পূর্ণাঙ্গ জরিপের ফল প্রকাশিত হবে।

যুক্তরাষ্ট্রে বন্ধ হচ্ছে বাণিজ্যিক

প্রথম পৃষ্ঠার পর

ট্রাকচালকদের কর্মী ভিসা স্থগিত করা হচ্ছে। তাঁর ভাষায়, "আমেরিকার সড়কে বিদেশি চালকদের ক্রমবর্ধমান সংখ্যা স্থানীয়দের জীবনকে ঝুঁকির মুখে ফেলছে এবং দেশীয় ট্রাকচালকদের জীবিকা বিপন্ন করছে।"

ঘটনার সূত্রপাত ফ্লোরিডার এক মহাসড়কে ঘটে যাওয়া ভয়াবহ দুর্ঘটনা থেকে। সেখানে বেআইনিভাবে ইউটার্ন নেওয়ার সময় একটি ট্রাক তিনজনের প্রাণ কাড়ে। চালক ছিলেন ভারতের নাগরিক হারজিন্দর সিং, যিনি অবৈধভাবে মেক্সিকো হয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছিলেন বলে ফেডারেল কর্মকর্তারা জানিয়েছেন। শুধু তাই নয়, দুর্ঘটনার পর ইংরেজি দক্ষতার পরীক্ষায়ও তিনি অকৃতকার্য হন। এরপর থেকে বিষয়টি জাতীয় রাজনীতির কেন্দ্রে উঠে এসেছে।

ট্রাম্পের রিপাবলিকান পার্টির নিয়ন্ত্রণে থাকা ফ্লোরিডার কর্মকর্তারা ঘটনাটিকে বিশেষ গুরুত্ব দেন। ফ্লোরিডার লেফটেন্যান্ট গভর্নর ব্যক্তিগতভাবে অভিবাসন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে সিংকে ক্যালিফোর্নিয়া থেকে প্রত্যর্পণের উদ্যোগ নেন।

রাজনৈতিক মাত্রা আরও ঘনীভূত হয় যখন জানা যায়, হারজিন্দর সিং ক্যালিফোর্নিয়ায় বৈধভাবে বাণিজ্যিক লাইসেন্স পেয়েছিলেন অথচ তিনি দেশে অবৈধভাবে প্রবেশ করেছিলেন। রিপাবলিকান নেতারা দাবি করেন, ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউজম প্রশাসন সচেতনভাবেই তাঁকে লাইসেন্স দিয়েছে।

তবে নিউজমের দপ্তর পাল্টা জবাব দিয়ে জানায়, লাইসেন্স ও কাজের অনুমতি ট্রাম্প প্রশাসনের সময়েই দেওয়া হয়েছিল এবং ক্যালিফোর্নিয়া প্রত্যর্পণে সহযোগিতা করেছে।

বিদেশি ট্রাকচালকদের নিয়ে বিতর্ক অবশ্য এর আগেই শুরু হয়েছিল। রিপাবলিকান আইনপ্রণেতারা দীর্ঘদিন ধরে অভিযোগ করে আসছেন যে, বিদেশি চালকেরা সড়ক দুর্ঘটনার জন্য দায়ী এবং স্থানীয় শ্রমিকদের চাকরি কেড়ে নিচ্ছেন। যদিও এ নিয়ে কোনো নির্দিষ্ট প্রমাণ কখনোই উপস্থাপন করা হয়নি। গত জুনে পরিবহনমন্ত্রী শন ডাফি নির্দেশ দেন, ট্রাকচালকদের ইংরেজি ভাষায় দক্ষতা প্রমাণ করতে হবে। যদিও ২০১৬ সালে বারাক ওবামা প্রশাসনের সময়ে ভাষা দক্ষতার শর্ত কিছুটা শিথিল করা হয়েছিল, সেটি ডাফি বাতিল করে দেন।

